সংখ্যায়াঃ ষকারনকারান্তায়াশ্চামি পরে নুরাগমো ভবতি। ষণ্ণাম্, পঞ্চানাম্। অন্তগ্রহণাদ্ভূতপূর্ব্বনান্তায়া অপি—অষ্টানাম্। সংখ্যায়া ইতি কিম্? বিপ্রুষাম্, যজ্বনাম্॥

---

(৭৫) সংখ্যায়াঃ—৫।, ষ্ণান্তায়াঃ—৫।; সংখ্যায়তে অনয়েতি সংখ্যা, সংখ্যা+ঙসি। ষশ্চ নশ্চ ষ্ণৌ, তাবন্তৌ যস্যাঃ সা তস্যাঃ; ষ্ণান্তা+ঙসি। আম্ পরে থাকিলে ষকারান্ত অথবা নকারান্ত যে সংখ্যাবাচক শব্দ, তাহার উত্তর 'নু' আগম হয়। যথা—ষষ্+আম্, এই সূত্র বলিয়া 'নু' আগম,'হশষছান্তেজাদীনাং ডঃ' ষস্থানে ড,'ষড়ো ণো নে' ডস্থানে ণ 'তবর্গশ্চটবর্গযোগে চটবর্গৌ, নস্থানে ণ=ষণ্ণাম্। পঞ্চন্+আম্, নু আগম, 'নান্তস্য চোপধায়াঃ' দীর্ঘ, 'লিঙ্গান্ত নকারস্য' নলোপ=পঞ্চানাম্। অন্তগ্রহণ কেন, 'সংখ্যায়াঃ ষ্ণঃ' এইরূপ সূত্র করা যাউক, 'যেন বিধিস্তদন্তস্য' এই ন্যায়ানুসারেই অন্ত পাওয়া যাইবে, সূত্রার্থও সমানই থাকিবে? উত্তর—অন্তগ্রহণং ভূতপূর্ব্বনান্তায়া অপি,অর্থাৎ অন্তগ্রহণের ফল এই হইল যে,কোন স্থানে ভূতপূর্ব্বনান্তত্ব অর্থাৎ পূর্ব্বে নান্ত ছিল, ইহা স্বীকার করিয়াও নু আগম করা হইবে, যথা—অষ্টন্+আম্, 'অষ্টনঃ সর্ব্বাসু' নস্থানে আত্ব, ভূতপূর্ব্বনান্তত্ব স্বীকার করিয়া এই সূত্র বলিয়া 'নু' আগম=অষ্টানাম্। 'সংখ্যায়াঃ' এই শব্দ বলিলে কেন? অন্যথা 'বিপ্রুষাং, যজ্বনাং' স্থলেও নু আগম হইতে পারে। বিপ্রুষ্+আম্=বিপ্রুষাম্। যজ্বন্+আম্=যজ্বনাম্।

৭৫ টীকা। সংখ্যা। সংখ্যায়তেঽনয়েতি সংখ্যা আতশ্চোপসর্গ ইত্যঙ্ লোকোপচারাদেকদ্বিত্রিপ্রভৃতীনামিয়ং সংজ্ঞা সিদ্ধা। ষশ্চ নশ্চ ষ্ণৌ তাবন্তৌ যস্যাঃ (সংখ্যায়াঃ) সা ষ্ণান্তা, তস্যা ইতি। ষষ্ পঞ্চন্ আভ্যামাম্, অনেন নুরাগমঃ, একত্র হশষছান্তেজাদীনাণ্ডঃ, ষড়ো ণো নে, তবর্গশ্চটবর্গযোগ ইত্যাদিনা ণত্বম্, অন্যত্র নান্তস্য চোপধায়া ইতি দীর্ঘঃ, লিঙ্গান্তনকারস্যেতি নলোপঃ। সংখ্যায়াঃ ষ্ণ ইতি সিদ্ধে যেন বিধিস্তদন্তস্যেতি ষকারনকারান্তায়া এব গম্যতে ইত্যাহ—অন্তগ্রহণাদিত্যাদি। অন্যথা অষ্টানামিত্যষ্টনঃ সর্ব্বাস্বিত্যাত্বে কৃতে নান্তত্বাভাবাৎ ন্বাগমো ন স্যাদিতি। অথাদেশাদাগমো বিধির্ব্বলবানিতি নৈবং নিত্যানিত্যয়োর্নিত্যো বিধির্ব্বলবানিতি নিত্যমাত্বমেব স্যাৎ, তথা শতানি সহস্রাণি ইত্যুপদেশনান্তার্থমিত্যকে, তেন জস্‌শসোর্লুক্ ন ভবতি। তদযুক্তং সন্নিপাতলক্ষণবিধেরনিমিত্তত্বাৎ। প্রিয়াঃ ষট্ যেষাং প্রিয়াঃ পঞ্চ যেষামিতি বিগ্রহে প্রিয়ষষাং প্রিয়পঞ্চ্ঞামিতি ভবিতব্যং সংখ্যায়া গৌণত্বাৎ। ননু সংখ্যায়াঃ ষ্ণান্তায়াঃ সম্বন্ধিন্যামীতি বিশেষণে কিমন্তগ্রহণেনেতি নৈবং শ্রুতত্বাৎ সংখ্যায়াঃ ষ্ণান্তায়া এবেতি অষ্টানামিতি ন সিধ্যতীতি। চতুরঃ সংখ্যায়াঃ ষ্ণান্তায়া ইত্যেকযোগে সতি উত্তরত্র জস্‌শসোর্লুক্ স্যাৎ চত্বারঃ পশ্যন্তীতি।

৭৫ পঞ্জী। সংখ্যায়াঃ। ষশ্চ নশ্চেতি দ্বন্দ্বে তবর্গস্য ষাট্টবর্গাট্টবর্গ ইতি নস্য ণত্বম্। ষ্ণাবন্তৌ যস্যাঃ সা ষ্ণান্তা সংখ্যা তস্যা ইতি। ষণ্ণামিতি—ষষ্ আম্, অনেন নুরাগমঃ, হশষছান্তেজাদীনাণ্ডঃ ষড়ো ণো ন ইতি ডস্য ণত্বং, তবর্গশ্চটবর্গযোগে চটবর্গাবিতি নস্য ণত্বম্। পঞ্চানামিতি তথৈব

৭৬। কতেশ্চ জস্‌শসোর্লুক্ ॥

কতেঃ সংখ্যায়াঃ ষকারনকারান্তায়াশ্চ জস্‌শসোর্লুগ্‌ভবতি। কতি, কতি ; ষট্, ষট্ ; পঞ্চ, পঞ্চ ॥

৭৭। নিয়ো ঙিরাম্ ॥

নিয়ঃ পরো ঙিরাম্ভবতি। নিয়াম্, গ্রামণ্যাম্ ॥

ইতি দৌর্গসিংহ্যাং বৃত্তৌ নাম্নি চতুষ্টয়ে প্রথমঃ পাদঃ সমাপ্তঃ ॥১

আমি নুরাগমঃ নান্তস্য চোপধায়া ইতি দীর্ঘঃ, লিঙ্গান্তনকারস্যেতি প্রকৃতিনকারস্য লোপঃ। যেন বিধিস্তদন্তস্যেতি সিদ্ধে কিমন্তগ্রহণমিত্যাহ—অন্ত ইত্যাদি, অন্যথা অষ্টনঃ সর্ব্বাস্বিতি নকারস্যাত্বে কৃতে নান্তত্বাভাবাৎ নুরাগমো ন স্যাৎ। অথাগমাদেশয়োরাগমো বিধির্বলবানিতি ভবিষ্যতীতি চেন্নৈবং নিত্যানিত্যয়োর্নিত্যবিধির্ব্বলবানিতি আত্বমেব স্যাদিতি। অত্রাপি সংখ্যায়া ইতি সম্বন্ধে ষষ্ঠীয়ম্ অতঃ সংখ্যায়াঃ সম্বন্ধিন্যামীতি বিশেষণাৎ সমাসসম্বন্ধিন্যামীতি ন ভবতি, প্রিয়াঃ ষট্ যেষাং, প্রিয়াঃ পঞ্চ যেষামিতি বিগ্রহে প্রিয়ষষাং প্রিয়পঞ্চানামিতি গৌণত্বং বা পূর্ব্ববদিহাপীতি।

৭৫ কবিরাজঃ। সংখ্যায়াঃ। যশ্চ নশ্চেতি—নম্নু দ্বন্দ্বসমাসে সতি ভিন্নপদত্বাৎ রষৃবর্ণ ইত্যাদিনা ণত্বং ন প্রাপ্নোতি? সত্যং সমাসান্তসমীপয়োর্ব্বেতি সমাসান্তত্বান্নত্বনবিরুদ্ধমেবেতি কুলচন্দ্রঃ, তন্ন উচ্চারণার্থস্যাকারস্যৈব সমাসান্ততা, নতু নকারস্যেতি। তর্হি কথং ণত্বমিত্যাহ— তবর্গ ইত্যাদি। পক্ষান্তরমাহ—গৌণত্বমিতি। পূর্ব্ববদিতি প্রিয়ত্রীণামিত্যাদিবদিত্যর্থঃ।

(৭৬) কতেঃ—৫।, চ—লু—১।, জস্‌শসোঃ—৬।।, লুক্—লু—১। ; কা সংখ্যা এষামিতি সংখ্যাবৃত্তেঃ কিমো ডতির্নিপাত্যতে সদ্যআদ্যত্বাৎ। কতি+ঙসি। চ+সি। জস্ চ শস্ চ জস্‌শসৌ তয়োঃ ; জস্ শস্+ওস্। লুক্+সি। ষকারান্ত কিংবা নকারান্ত সংখ্যাবাচক শব্দের এবং কতি শব্দের পরস্থিত জস্ ও শসের লুক্ অর্থাৎ লোপ হয়। যথা—কতি+জস্, এই সূত্র বলিয়া লোপ=কতি। কতি+শস্=কতি। ষষ্+জস্ জসের লোপ "চশষছান্তেজাদীনাং ড" ষস্থানে ড, 'বা বিরামে' ডস্থানে ট=ষট্। ষষ্+শস্=ষট্ পূর্ব্ববৎ। পঞ্চন্+জস্, জসের লোপ, 'লিঙ্গান্তনকারস্য' ন-লোপ=পঞ্চ। পঞ্চন্+শস্=পঞ্চ পূর্ব্ববৎ।

৭৬ টীকা। কতে। চকারঃ ষ্ণান্তায়া ইত্যনুকর্ষণার্থ ইত্যাহ—কতেঃ সংখ্যায়াঃ ষ্ণান্তায়াশ্চেতি। কা সংখ্যা এষামিতি সংখ্যাবৃত্তেঃ কিমো ডতির্নিপাত্যতে, সদ্যআদ্যত্বাৎ। অত্রাপি ষষ্ঠীয়ং কতেঃ সংখ্যায়াঃ ষ্ণান্তায়াঃ সম্বন্ধিনোর্জস্‌শসোর্লুক্ ইতি, তেন প্রিয়াঃ ষট্ যেষাং, প্রিয়াঃ পঞ্চ যেষামিতি বিগ্রহে প্রিয়ষষঃ প্রিয়পঞ্চানঃ প্রিয়পঞ্চ্ঞঃ পশ্যেতি এবং প্রিয়াষ্টান্ প্রিয়াষ্টানঃ প্রিয়াষ্টু্ঃ পশ্যেতি সসি অবমসংযোগাৎ অনো লোপঃ। ঔ তস্মাজ্জস্‌শসোরিতি কৃতত্বাদেবাষ্টন ইতি। প্রিয়াশ্চ তে ষট্ চেতি, প্রিয়াশ্চ তে পঞ্চ চেতি বিগ্রহে প্রিয়ষট্ প্রিয়পঞ্চ চেতি ভবত্যেব সংখ্যায়াঃ প্রধানত্বাৎ। যত্তদ্‌ভ্যামপি ডতিরিত্যেকে, তাভ্যামপি জস্‌শসোর্লুক্ ইতি প্রিয়াশ্চ তে ষট্ চেতি প্রিয়াশ্চ তে পঞ্চ চেতি বিগ্রহে প্রিয়ষট্ প্রিয়পঞ্চ চেতি ভবত্যেব সংখ্যায়াঃ প্রধানত্বাৎ। যত্তদ্‌ভ্যামপি ডতিরিত্যেকে, তাভ্যামপি জস্‌শসোর্লুক্ ইতি, তেন "যতি তে নাগ-

দ্বিতীয়ঃ পাদঃ।

৭৮। ন সখিষ্টাদাবগ্নিঃ ॥

সখিস্থঃ সখিষ্টাদৌ স্বরে নাগ্নির্ভবতি সখ্যা, সখ্যে ॥

শীর্ষাণি ততি তে নাগ বেদনাঃ” ইতি লুগ্‌লোপে ন প্রত্যয়কৃতমিতি নান্তস্য চোপধায়া ঘুটি দীর্ঘো ন ভবতি। কতেরেত্বঞ্চ ন জসীতি। নমু কতেশ্চাসোর্লুগিতি কথং ন বিদধ্যাৎ সংখ্যায়াঃ প্রধানত্বাচ্চ ঙসিঙসোরুৎপত্ত্যভাব এবং ষড়স্যতি পঞ্চাস্যতীনি যদি ক্বিপ্ দৃশ্যতে, বিভক্তিসম্বন্ধান্ন ভবিষ্যতি, তর্হি জস্‌শসোর্গ্রহণং সুখপ্রতিপত্ত্যর্থমেব স্যাৎ।

৭৬ পঞ্জী। কতেঃ। ইহাপি পূর্ব্ববদ্ব্যাখ্যানাৎ সমাসসম্বন্ধিনোর্জস্‌শসোর্লুক্ ন ভবতি। প্রিয়কতয়ঃ প্রিয়ষষঃ প্রিয়পঞ্চানঃ প্রিয়কতীন্ প্রিয়ষষঃ প্রিয়পঞ্চ্ঞঃ পশ্য ইতিপূর্ব্ববদ্বিগ্রহঃ, তথা প্রিয়াষ্টানস্তিষ্ঠন্তি প্রিয়াষ্টনঃ পশ্যেতি শস্যনোঃংকারলোপে তবর্গশ্চটবর্গযোগে ইত্যাদি প্রবর্ত্ততে, কর্ম্মধারয়ে তু সংখ্যায়াঃ প্রধানত্বাৎ স্যাদেব প্রিয়াশ্চ তে ষট্ চেতি প্রিয়ষড়িত্যাদি।

৭৬ কবিরাজঃ। কতেঃ প্রিয়াষ্টান ইতি সঙ্খ্যায়া অবহোরন্ত্যস্বরাদিলোপশ্চ ন ভবতি সমাসান্তবিধেরনিত্যত্বাদিতি।

ইতি শ্রীসুষেণাচার্য্যকবিরাজকৃতে কলাপচন্দ্রে নাম্নি চতুষ্টয়ে প্রথমঃ পাদঃ সমাপ্তঃ।১

(৭৭) নিয়ঃ—১১, ঙিঃ—১১, আম্—লু—১১ ; নী+ঙসি। ঙি+সি। আম্+সি। নী’র পরবর্ত্তী যে ঙি বিভক্তি, তাহার স্থানে আম্ হয়। যথা—নী+আম্, এই সূত্র দ্বারা ঙি-স্থানে আম্, ‘ঈদূতোরিয়ুবৌ স্বরে’ ইয্=নিয়াম্। গ্রামণী+আম্, ঙিস্থানে আম্, ‘অনেকাক্ষ-রয়োঃ—’ইত্যাদি বলিয়া যত্ব=গ্রামণ্যাম্। “ণত্বেঽপ্যেকদেশবিকৃতস্য চানন্যবত্তাবাৎ যেন বিধিস্তদন্তস্যেতি কেবলস্যাপ্যন্তবদ্ভাবাৎ ঙিরাম্ ভবেদিতি।”

দুর্গসিংহকৃত চতুষ্টয়বৃত্তির নামপ্রকরণের প্রথম পাদ সমাপ্ত।১

৭৭ টীকা। নিয়ো। নী প্রাপণে নয়তীতি নীঃ এবং গ্রামং নয়তীতি গ্রামণীঃ সৎসু-দ্বিষেত্যাদিনা ক্বিপ্, পূর্ব্বপদাৎ সংজ্ঞায়াং ণত্বং দৃশ্যতে। গ্রামস্য প্রধানভূতঃ পুমান্ গ্রামণীরুচ্যতে এবং গ্রামণ্যাম্ একদেশবিকৃতস্যানন্যবদ্ভাবাৎ ণত্বেঽপ্যাম্ ভবত্যেব যেন বর্ণেন শব্দেন বা যো বিধিরারভ্যতে স তদন্তস্য ভবতি একস্মিন্নাপ্যন্তবদুপচারাৎ।

ইতি শ্রীদুর্গসিংহবিরচিতায়াং কাতন্ত্রবৃত্তিটীকায়াং নাম্নি চতুষ্টয়ে প্রথমঃ পাদঃ সমাপ্তঃ।১

৭৭ পঞ্জী। নিয়ঃ গ্রামণ্যামিতি গ্রামং নয়তীতি সৎসুদ্বিষেত্যাদিনা ক্বিপ্, তত্রাপিশব্দবলাৎ পূর্ব্বপদস্থেভ্যঃ সংজ্ঞায়ামিতি ণত্বং, ততশ্চ—গ্রামপ্রধানভূতঃ পুরুষো গ্রামণীরুচ্যতে, ণত্বেঽপ্যেক-দেশবিকৃতমনন্যবদ্ভাবাৎ যেন বিধিস্তদন্তস্যেতি কেবলস্যাপ্যন্তবদ্ভাবাৎ।

ইতি শ্রীমত্রিলোচনদাসকৃতায়াং কাতন্ত্রবৃত্তিপঞ্জিকায়াং নাম্নি চতুষ্টয়ে প্রথমঃ পাদঃ সমাপ্তঃ।১

(৭৮) ন—লু—১১, সখিঃ—১১, টাদৌ—৭১, অগ্নি—১১ ; ন+সি। সখি+সি। টা আদির্যস্য অসৌ টাদিঃ, তস্মিন্ টাদৌ ; টাদি+ঙি। অগ্নি+সি। টাদি বিভক্তিস্বর পরে থাকিলে সখিশব্দস্থিত ইকার অগ্নিসংজ্ঞক হয় না। যথা—সখি+টা, ‘ইদুদগ্নিঃ’ বলিয়া সখি’র ইকার অগ্নিসংজ্ঞক হইতে পারিত, এই সূত্র বলিয়া নিষেধ রহিল, সুতরাং ‘টা না’ বলিয়া টাস্থানে

না হইল না, 'ইবর্ণো যমসবর্ণে' যত্ব=সখ্যা। সখি+ঙে, অগ্নিসংজ্ঞক না হওয়ায় 'ঙে' সূত্র বলিয়া ইকারস্থানে একার হইল না=সখ্যে।

"অথ সমুদায়স্য" হইতে "ইত্যাহ—টাদৌ স্বরে ইতি" পর্য্যন্ত পঞ্জী দেখ।

"নন্বু ন সখিষ্টানয়োরগ্নিরিতি" হইতে "তুষ্যতীত্যাদি জ্ঞেয়ম্।" পর্য্যন্ত কবিরাজ দেখ।

৭৮ টীকা। ন স। ইদুদগ্নিরিত্যনেনাগ্নিত্বং প্রাপ্তং। ন সখিষ্টাদাবগ্নিরিত্যুচ্যতে, নন্বু তত্র হি ইকারোকারয়োরেবাগ্নিসংজ্ঞা, ন তদন্তস্যেতি, 'ন সখ্যুরিষ্টাদাবগ্নি'রিতি কর্ত্তুমুচিতং, সখ্যুরিকারোঽগ্নির্ন ভবতীতি। অথ সামর্থ্যাদিকারোঽবসীয়তে কিমিকারগ্রহণেন চেৎ তথাপ্যবয়বাবয়বিসম্বন্ধে ষষ্ঠী কেন নিবার্য্যত ইত্যাহ—সখিস্থঃ সখিরিতি। সখিস্থ ইকারঃ সখিরুচ্যতে উপচারাৎ, যথা মঞ্চাঃ ক্রোশন্তীতি। সখ্যুরন্ ন ভবতীতি রূপান্তরে হ্যনুকরণমেব ন স্যাৎ। বিধিমুখেনার্থাৎ সংজ্ঞা নিষিধ্যতে। যথা নায়ং গৌরিত্যুক্তেঽন্যদ্রব্যস্য গোসংজ্ঞা নাস্তীত্যবসীয়ত-ইতি। নাস্তি প্রকরণভেদঃ, তদন্তস্যাপি প্রতিষেধ এবেতি নিশ্চিতম্।—বহবঃ সখায়ো যস্য বহুসখ্যা বহুসখ্যে ইতি। কথমতিসখেরিতি? ভাষ্যচোদিতত্বৈতৎ সখীং; স্ত্রিয়মতিক্রান্তস্যাতি-সখেরিত্যুপসর্জ্জনত্বাৎ হ্রস্বত্বং পরনিমিত্তাদেশঃ পূর্ব্বস্মিন্ স এব স্ত্রীকার এবায়ং ন সখিস্থ ইকার ইতি কুতঃ প্রতিষেধপ্রসঙ্গঃ স্যাৎ, বিভক্তিষু চ লিঙ্গগ্রহণে লিঙ্গবিশিষ্টস্যাপি গ্রহণমিতি নাদ্রিয়তে, অতএব ন সখিপত্যোষ্টাদাবগ্নিরসমাস ইতি ন বিদধ্যাৎ। টা এবাদির্যস্যাসৌ টাদিস্তদ্গুণসং-বিজ্ঞানো বহুব্রীহিঃ, তৎপুরুষে হি শসীতি বিদধ্যাৎ। আদিগ্রহণমিহার্থমুত্তরার্থঞ্চ, তেন সখ্যুঃ পত্যুরিত্যগ্নিলক্ষণমেত্বং ন স্যাৎ। নৈবং তত্র প্রধানমলোপ এব বাক্যার্থঃ ক্রিয়তে গোশ্চেত্যত্র চকারেণ ইরেদুরোদিত্যনুকৃষ্যতে উত্তরার্থম্। এবঞ্চেৎ কিমাদিগ্রহণেন টাঙয়োরিত্যেবং ব্রূয়াৎ এতেনাদিগ্রহণব্যাপ্তেঃ প্রয়োজনং চিন্ত্যতে, নতু লাঘবমিতি, নৈতদেবমস্তি প্রয়োজনং ভূপতের্ভূপতাবিতি পতিরসমাস এবাগ্নির্ন ভবতি, সমাসে তু ভবত্যেব ইত্যবধারণার্থম্ অতএবাদি-গ্রহণাদগ্নিরিতি তত্র সম্বধ্যত ইতি স্থিতম্। টাদাবিতি কিং? সখীন্ শসোঽকারঃ সশ্চ নোঽস্ত্রিয়ামিতি ভবতি।

৭৮ পঞ্জী। ন সখিঃ। ইদুদগ্নিরিত্যনেনাগ্নিসংজ্ঞা প্রাপ্তা, অনেন প্রতিষিধ্যতে। নন্বু কথময়ং নির্দ্দেশঃ যাবতা ইকারোকারয়োরেবাগ্নিসংজ্ঞা ন তদন্তস্যেতি তত্র নিশ্চিতম্ অতো ন সখ্যুরিষ্টাদাবগ্নিরিতি কর্ত্তুমুচিতং সখ্যুরিকারোঽগ্নির্ন ভবতীত্যর্থঃ। অথ সমুদায়স্য প্রতিষেধে-ঽপ্যর্থাদিকার এবাবসীয়তে তথাপ্যবয়বাবয়বিসম্বন্ধে ষষ্ঠী কেন নিবার্য্যতে। সখিস্থঃ সখিরিতি সখ্যৌ তিষ্ঠতীতি সখিস্থঃ, নাম্নিস্থশ্চেতি কপ্রত্যয়ঃ সখিস্থ ইকারঃ সখিরুচ্যতে উপচারাৎ, যথা মঞ্চাঃ ক্রোশন্তীতি, মঞ্চস্থাঃ পুরুষা মঞ্চশব্দেন উচ্যন্তে। নন্বু তথাপি কথমীদৃশো নির্দ্দেশঃ যাবতা সখ্যুশ্চেতি বচনাদন্ প্রাপ্নোতি, নৈবমনুকরণনির্দ্দেশোঽয়ম্ অনুকরণঞ্চানুকার্য্যাকারং স্যাৎ ইতি কথং বিকৃতিঃ। (অনুকরণমন্যথা ন স্যাদিতি ভাবঃ।) প্রকৃতিবদনুকরণমিত্যস্য পুনরর্থপদার্থানু-করণং বিষয়ঃ শব্দপদার্থস্য চেদং সখিশব্দস্যানুকরণমিত্যদোষঃ। ব্যঞ্জনে অগ্নিসংজ্ঞায়াঃ প্রয়োজনা-ভাবাৎ প্রতিষেধো ব্যর্থঃ, অর্থাৎ স্বরে পরে প্রতিষেধো বিজ্ঞায়ত ইত্যাহ—টাদৌ স্বর ইতি। সখ্যা সখ্যে ইতি অগ্নিত্বাভাবাৎ টা না ঙে ইত্যেকারশ্চ ন ভবতি।

৬৮ কবিরাজঃ। ন সখিঃ। নন্বু সংজ্ঞাসূত্র এবাগ্নিশব্দঃ স্বরূপপরো ভবিতুমর্হতি,

৭৯। পতিরসমাসে ॥

পতিস্থঃ পতিষ্টাদৌ স্বরে নাগ্নির্ভবতি অসমাসে। পত্যা, পত্যে। অসমাস ইতি কিম্? নরপতিনা ॥

কার্য্যকালে তু সংজ্ঞিপর এব সম্ভবতি এবঞ্চ সতি টাদাবগ্নিঃ সখিস্থো ন ভবতীত্যর্থে সখিস্থ ইকারো বিনশ্যতীত্যর্থঃ কথং ন স্যাৎ? সত্যং পর্য্যুদাসোঽয়ং নঞ্, স চান্যোন্যাভাববাচী, ততশ্চ সংজ্ঞাসূত্রেণৈকবাক্যতা অবশ্যং কর্ত্তব্যা। তথাচ টাদৌ সখিস্থো য ইকারস্তদন্যোন্যাভাববান্ ইকারোঽগ্নির্ভবতীতি। অন্যথা একবাক্যতাং বিনা ইদুদগ্নিরিত্যনেন প্রথমত এব সংজ্ঞায়াং প্রবৃত্তায়াং সত্যাং বচনশতেনাপি সংজ্ঞায়া নিষেদ্ধুমশক্যত্বাৎ। তস্মাদেকবাক্যতায়াং সত্যামগ্নি-শব্দেনাত্রাপি সংজ্ঞৈবোচ্যতে, ন ত্বিকারব্যক্তিরিতি, অতঃ সখিস্থ ইকারো নশ্যতীত্যর্থো ন ঘটত এব, কিন্তু সংজ্ঞানিষেধঃ সম্ভবতীত্যাহ—সংজ্ঞা প্রাপ্তা নিষিধ্যত ইতি। অর্থাদিতি সখি-সমুদায়স্যাগ্নিত্বাসম্ভবাদিত্যর্থঃ। অথ ন সখ্যুরিষ্টাদাবগ্নিরিত্যত্র পূর্ব্বপক্ষদ্বয়ম্—একস্তাবদিকার-করণম্, অন্যশ্চ সখ্যুরিতি ষষ্ঠীবিধানং, তত্র ইকারখণ্ডনার্থং সিদ্ধান্তয়তি—অথেতি। দ্বিতীয়পক্ষং সূচয়তি—তথাপীতি, ইকারগ্রহণং মাকার্ষীঃ ষষ্ঠী কেন নিবার্য্যতামিত্যাহ—সখিস্থ ইকার ইত্যাদি, সখিস্থ ইত্যুপচারেণৈব ষষ্ঠ্যর্থো লভ্যত ইতি ভাবঃ। নন্বনুকরণনির্দ্দেশোঽয়মিতি তত্রানুকরণমেব বিচার্য্যতে, তচ্চ দ্বিবিধং—শব্দানুকরণমর্থানুকরণঞ্চেতি। যত্র শব্দমাত্রপ্রতীত্যর্থমনুক্রিয়তে উচ্চার্য্যতে তচ্ছব্দানুকরণং, যত্রার্থমাত্রপ্রতীত্যর্থং শব্দোঽনুক্রিয়তে তদর্থানুকরণং, তত্রার্থে কার্য্যা-সম্ভবাত্তদ্বাচিনি শব্দে কার্য্যং ক্রিয়ত ইতি কশ্চিৎ। তন্নার্থপ্রতীত্যর্থমুচ্চার্য্যমাণত্বাৎ ঘটমানয়েত্যা-দীনামপি অনুকরণত্বং স্যাৎ এবঞ্চ সত্যর্থানুকরণপদস্য ব্যাবৃত্তির্নাস্তীতি। তস্মাৎ সার্থকশব্দস্যা-নুকরণমর্থানুকরণং নিরর্থকশব্দস্যানুকরণং শব্দানুকরণমিতি। এতচ্চ তির্য্যগপবর্গ ইত্যত্র টীকায়াং বক্ষ্যতি তত্র সার্থকানুকরণে প্রকৃতিবদনুকরণং ভবতীতি যৌক্তিক এবায়ং পক্ষঃ। তথাহি—প্রকৃতেঃ সার্থকত্বেন তত্র যৎ কার্য্যং প্রাপ্নোতি তৎ কার্য্যং তদনুকরণেঽপ্যতিদিশ্যতে, শব্দানুকরণে প্রকৃতের্নিরর্থকত্বাৎ কার্য্যং তত্র ন প্রাপ্নোতি, কুতস্তদনুকরণে কার্য্যমিহ শব্দানুকরণস্য গ্রহণাৎ সখ্যুশ্চেত্যন্ন ভবতি। ননু যদ্যত্র সখিরিতি নিরর্থকানুকরণং কথন্তর্হি সার্থকে কার্য্যনিষেধঃ ক্রিয়তে? সত্যং নিরর্থকানুকরণে পদং নিষ্পাদ্য সূত্রবৈয়র্থ্যভয়াৎ তত্তদ্বর্ণানুপূর্ব্ববিশিষ্টসার্থকশব্দে লক্ষিতলক্ষণয়া পশ্চাৎ পদাধ্যারোপঃ ক্রিয়তে ততশ্চ সার্থক এব শব্দে কার্য্যনিষেধ উপপদ্যতে। অন্যস্ত্বাহ—সখিশব্দেনাত্র সামান্যেন সকারোত্তরখিকারবিশিষ্টঃ শব্দ এবানুক্রিয়তে সামান্যঞ্চাত্র সার্থকনিরর্থকসমুদায়ত্বং প্রসিদ্ধে শাস্ত্রপ্রবৃত্তির্জ্জ্যায়সীতি ন্যায়াৎ সার্থকশব্দমাদায়ৈব সূত্রপ্রবৃত্তি-রিতি। তর্হি অনেনৈব ন্যায়েন সার্থকশব্দমাদায় প্রকৃতিবদনুকরণমিত্যস্য বিষয়ত্বাৎ কথং সখ্যুশ্চেত্যন্ন ভবতি? সত্যমতএব সখিরিতি নির্দ্দেশাৎ যুগপৎ সার্থকনিরর্থকয়োরনুকরণে নিরর্থকাশ্রিতকার্য্যমেব ভবতি নতু সার্থকাশ্রিতমিতি। যদ্বা প্রকৃতিবদনুকরণমিত্যত্রার্থবদ্গ্রহণে নানর্থকস্যেতি ন্যায়স্য প্রবেশাৎ যত্র কেবলসার্থকানুকরণং তত্র প্রকৃতিবদনুকরণমিত্যস্য বিষয় ইতি অত্র তু সার্থকনিরর্থকানুকরণে কেবলসার্থকত্বাভাবেনার্থবদ্গ্রহণস্য বিষয়ো নাস্তীতি। অর্থ-পদার্থানুকরণমিতি অর্থ এব পদার্থবাচ্যঃ যস্য শব্দস্য তস্যানুকরণমিত্যর্থঃ। শব্দপদার্থ ইতি

৮০। স্ত্রী নদীবৎ ॥

স্ত্রীশব্দো নদীবদ্ভবতি বিভক্তৌ। হে স্ত্রি, স্ত্রিয়ৈ, স্ত্রীণাম্। বিকল্পমপি বাধতে ॥

শব্দশ্চাসৌ পদার্থশ্চেতি শব্দপদার্থঃ শব্দস্বরূপবাচ্যস্তানুকরণমিত্যর্থঃ। বহুব্রীহৌ তু শব্দপদার্থ-শব্দেন অনুকরণশব্দ এবোচ্যতে নহি তস্যান্যদনুকরণমস্তীতি সংক্ষেপঃ।

(৭৯) পতিঃ—১, অসমাসে—৭; পতি+সি। ন সমাসঃ অসমাসঃ তস্মিন্; অসমাস+ঙি। টাপ্রভৃতি বিভক্তিস্বর পরবর্ত্তী হইলে অসমাসে বর্ত্তমান পতিশব্দস্থিত ইকার অগ্নিসংজ্ঞক হয় না। যথা—পতি+টা=পত্যা। পতি+ঙে=পত্যে। 'সখ্যা সখ্যে'র মতন সাধ্য। অসমাস বলিলে কেন? অন্যথা সমাসের স্থলেও নিষেধ হইতে পারে। যথা—নরাণাং পতিঃ—নরপতিঃ তেন; নরপতি+টা, অগ্নিনাবৎ সাধ্য।

৭৯ টীকা। পতিঃ। নরপতিনেতি—নরাণাং পতিরিতি বিগ্রহঃ। কথং পতিনা ধাতুনেতি? পাতীতি পতিঃ পাতেডতিঃ, স ইহ স্বাম্যর্থো রূঢ়িতো গৃহ্যতে। টাদাবিতি কিং? পতিং পতী পতীন্।

৭৯ পঞ্জী। পতিঃ। ইহাপি পূর্ব্ববদ্ব্যাখ্যানম্ অত আহ—পতিস্থঃ পতিরিতি, পতিশব্দো রূঢ়িবশাৎ স্বাম্যর্থ ইহ গৃহ্যতে, তেন পতিনা ধাতুনেতি স্যাদেব।

৭৯ কবিরাজঃ। পতিঃ। পাতীতি পতিঃ পাতেডতিঃ। "সীতায়াঃ পতয়ে নমঃ" ইত্যলুক্সমাস এব নঞোঽনিত্যত্বাদ্বা ন নিষেধঃ। তেন বহুলার্থো বহুশব্দ ইতি স্বীকারে বহুপত্যে ইত্যাদ্যপি সিদ্ধম্ অনিত্যত্বস্য লক্ষ্যানুসারিত্বাৎ সমাসেঽপি ক্বচিন্নিষেধঃ।

(৮০) স্ত্রী—লু—১, নদীবৎ—লু—১; স্ত্রী—সি। নদী ইব নদীবৎ, নদীবৎ+সি। বিভক্তি পরে থাকিলে স্ত্রীশব্দ নদীবৎ হয়। (অর্থাৎ স্ত্রীশব্দের ঈকার নদীসংজ্ঞক হয়) যথা—হে স্ত্রী+(সম্বোধনে) সি, এই সূত্রে নদীবদ্ভাব=হে স্ত্রি। হে নদিবৎসাধ্য। স্ত্রী+ঙে, নদীবদ্ভাব 'নদ্যা ঐ—' ঙেস্থানে ঐ, 'স্ত্রী চ' ধাতুবদ্ভাব, 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' ঈস্থানে ইয়্=স্ত্রিয়ৈ। স্ত্রী+আম্, নদীবৎ, নদীনাংবৎ সাধ্য, বিশেষ ণত্ব=স্ত্রীণাম্। আপত্তি—'স্ত্রীনদীবৎ' সূত্র কেন? স্ত্রীশব্দের ঈকার স্ত্র্যাখ্য হওয়ায় স্বভাবতই নদীসংজ্ঞক হইয়াছে, সুতরাং নদীর নদীবদ্ভাব করা অপ্রয়োজন, অনদীরই নদীবদ্ভাব হওয়া উচিত? উত্তর—বিকল্পমপি বাধতে—"ন কেবলং স্যম্-শস্-কপ্রত্যয়েষু নিত্যনদীত্বস্যাপ্রসিদ্ধিরাখ্যায়তে আম্ঙবৎসু চ বিকল্পমপি বাধতে" 'স্ত্রী চ' এই সূত্র বলিয়া বিভক্তিস্বর পরে ধাতুবদ্ভাব হওয়ায় 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' বলিয়া স্ত্রীশব্দের ঈকারস্থানে ইয়্ হওয়ার প্রাপ্তি থাকায় স্ত্র্যাখ্য ইয়্-স্থান-নিবন্ধন আম্ পরে 'স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামি' এবং ঙবন্ত বচন পরে 'হ্রস্বশ্চ ঙবতি' বলিয়া বিকল্পে নদীবদ্ভাব হইয়া থাকে; অতএব বুঝা গেল—আম্ ও ঙবন্ত বচন ভিন্নে স্ত্রীশব্দের ঈকার স্ত্র্যাখ্য হইয়াও নদীসংজ্ঞক হইতে পারে না, যেহেতু যে নদী নহে, সেই নদীবৎ হয়, স্ত্রীশব্দ যদি নদীই হয়, তবে আর সে নদীবৎ কি প্রকারে হইতে পারে, সুতরাং সি অম্ শস্ এবং কপ্রত্যয় বিষয়ে স্ত্রীশব্দ নদীসংজ্ঞক হইতে পারে না, এইজন্য এই সূত্র বলা হইল। এই সূত্রসামর্থ্যে আম্ ও ঙবন্ত বচন পরে, পর পর সূত্র দ্বারা স্ত্রীশব্দের বিকল্পে নদীবদ্ভাব হইবে না, আর সি, অম্, শস্ এবং কপ্রত্যয় বিষয়েও স্ত্রীশব্দ নদীবৎ হইল। এই সূত্র বলিয়া সকল বিভক্তিতেই নদীবদ্ভাব হইবে, পূর্ব্বসূত্রে হইতে টাদি অধিকার আসিবে না।

"স্তৃণাতেড্‌্ট্" হইতে "নিবর্ত্ততে ব্যক্তিত্বাদ্বা" পর্য্যন্ত টীকা দেখ।

৮০ টীকা। স্ত্রী। স্তৃণাতের্ড্রট্ টনুবন্ধত্বাদীঃ, স্ত্রীতি স্বরূপমেব গৃহ্যতে নত্বপচরিতঃ স্ত্র্যর্থাভিধায়ী স্ত্রীশব্দঃ আশিশি চেতি নির্দ্দেশাৎ ইয়াদেশত্বাদামি ভবতি চ বিভাষা প্রাপ্তা, বদ্ব্যাবৃত্ত্যা শেষে চ নদীত্বস্যাপ্রাপ্তিরেবেতি বচনমিদমনেক্ষমারভ্যতে। যচ্চোক্তং বিভক্তাবিত তদ্বিভক্তিমন্তরেণ লিঙ্গং ন সম্ভবতীতি, তেন বহুস্ত্রীকঃ কলিঙ্গ ইতি কপ্রত্যয়ঃ স্যাৎ। অথবা নচেহ 'নদ্যৃদন্তাদ্বহুব্রীহৌ ক' ইতি বচনমস্তি অপি তু বহুললক্ষণঃ ক ইতি ন দুষ্যতি। ননু কথমিহানন্তরং টাদাবিতি নানুবর্ত্ততে নৈবং টাদাবিত্যনুবর্ত্তমানেঽপ্যামি ভবতি নদীবদ্ভাবস্য প্রয়োজনাৎ 'হ্রস্বশ্চ ভবতি' তদনন্তরং 'স্ত্রী চে'তি বিদধ্যাৎ। এতেনোৎসর্গাপবাদক্রমপ্রতিপত্তিরপি স্যাৎ। অতএব বিপর্য্যয়ং বিদধাতি, অতোঽনুমীয়তে ইদমনপেক্ষমিতি তৎসহচরিতমসমাসগ্রহণমপি নানুবর্ত্ততে। ইষ্টত্বাদধিকারস্যেতি বা, তেন তদন্তবিধিনা হে পরমস্ত্রি, পরমস্ত্রীং পরমস্ত্রীঃ পশ্যেতি। কার্য্যাতিদেশোঽয়ং স্ত্রীশব্দো নদীনিবন্ধনকার্য্যভাগ্ ভবতীত্যর্থঃ। ব্যপদেশাতিদেশেঽপি ন দোষঃ। ব্যপদেশঃ সংজ্ঞা,সা পুনরিহাসতী অতিদিশ্যতে। তর্হি মুখ্যৈব সংজ্ঞাস্তাং কিং বদ্গ্রহণেন চেন্নৈবং মুখ্যসংজ্ঞায়াং সত্যাং স্ত্রিয়মতিক্রান্তায় অতিস্ত্রয়ে অতিস্ত্রেঃ অতিস্ত্রাবিত্যগ্নিকার্য্যং ন স্যাৎ একদেশবিকৃতস্যানন্যবদ্ভাবান্নদীত্বমেবেতি ঐপ্রভৃতীন্যেব ভবিতুমর্হন্তি তস্মাদ্বদ্গ্রহণং সাদৃশ্যার্থং, সাদৃশ্যং পুনরীকারমন্তরেণ ন সম্ভবতীতি সমীহিতং সিদ্ধমুভয়াতিদেশেঽপি, তেন স্ত্রিয়াং স্ত্রিয় ইতি ইয়াদেশপক্ষেঽম্‌শসোরাদিলোপো ন ভবতীতি ঈকারাবস্থায়ামেব নদীকার্য্যং পশ্চাদিয়াদেশ ইতি নিশ্চিতম্। ননু কথময়ং বিকল্পং বাধতে? যেন নাপ্রাপ্তিন্যায়েন চেৎ, তদযুক্তং সাম্‌শস্‌কপ্রত্যয়বিধিষু চরিতার্থত্বাৎ নৈবং নিরপেক্ষত্বাৎ প্রবৃত্তো নদীবদ্ভাবো ন নিবর্ত্ততে, ব্যক্তিত্বাদ্বা।

৮০ পঞ্জী। স্ত্রী নদী। অথ কিমর্থমিদং যাবতা স্ত্রীশব্দস্য সাক্ষাদেব নদীত্বমস্তি, তথাহি—স্তৃণাতের্ড্রিতি কৃতে টনুবন্ধত্বান্নদাদিলক্ষণঃ স্ত্রিয়ামীপ্রত্যয় ইতি। নৈবং স্ত্রীশব্দস্য স্ত্রী চেতি ধাতুবদ্ভাবাদিয়াদেশবিষয়ত্বাদক্ষ্যমাণবচনাভ্যাম্ আমি ভবতি চ বিভাষা প্রাপ্তা, বদ্ব্যাবৃত্ত্যা চ শেষবচনে নদীত্বস্যাপ্রাপ্তিরেবেতি বচনমিদমুচ্যতে,তচ্চানপেক্ষমিতি নিমিত্তস্যানভিধানাৎ। অথানন্তরত্বাৎ টাদাবিতি কথং নানুবর্ত্ততে ইতি চেন্নৈবং সত্যামপি টাদাবিত্যনুবৃত্তৌ পারিশেষ্যাৎ ভবত্যেব নদীবদ্ভাবস্য প্রয়োজনম্ আমি চ বিশেষবিধানাৎ। ততো 'হ্রস্বশ্চ ভবতি' তদনন্তরং 'স্ত্রী চে'তি বিদধ্যাৎ, বিকল্পোঽপি বচনবলাদেব ন ভবিষ্যতি। অন্যথা ইয়্স্থানিত্বাৎ পূর্ব্বেণৈব সিদ্ধং, ততো বিপর্য্যয়বিধানাদনপেক্ষমিতি গম্যতে। যচ্চ বিভক্তাবিত্যুক্তং বৃত্তৌ তদ্বিভক্তিমন্তরেণ লিঙ্গং ন সম্ভবতি, তেন বহুস্ত্রীকঃ কলিঙ্গ ইতি বহুব্রীহৌ নদীলক্ষণঃ কো ভবতি। তথা নিরপেক্ষত্বাৎ পূর্ব্বমেব নদীত্বং প্রবৃত্তং স্যাৎ পশ্চাৎ প্রত্যয় ইতি কুতো 'হ্রস্বশ্চ ভবতি, স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামী'তি বিকল্পোঽপীত্যাহ—বিকল্পমপি বাধতে। যেন নাপ্রাপ্তিন্যায়েন বিকল্পস্য বাধেতি নায়ং পরিহারোঽন্যেষু সাম্‌শস্‌কপ্রত্যয়েষু চরিতার্থত্বাদিতি।

৮০ কবিরাজঃ। স্ত্রী। স্ত্র্যর্থো ন গৃহ্যতে 'আশিষি চে'তি জ্ঞাপকাৎ। বদ্গ্রহণস্য সাদৃশ্যাৎ স্ত্রিয়মতিক্রান্তায় অতিস্ত্রিয়ৈ ইত্যত্র একদেশবিকৃতমনন্যবদিতি ন্যায়ান্ন ভবতীতি। ভবত্যেবেতি—ননু কথমিদমুক্তং? যাবতা টাদ্যনুবৃত্তৌ যথা ভবতি প্রয়োজনমস্তি, তথা আমি

পরেঽপি 'আমি চ নু'রিত্যনেন নাগমোঽস্তি প্রয়োজনমিত্যাহ—আমি চেতি চকারঃ পুনরর্থে, আমি পরে পুনঃ 'স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামী'ত্যনেন বিকল্প এব বিশেষোঽস্তীত্যর্থঃ। নমু 'স্ত্রী নদীব'-দিত্যনেন স্ত্রীশব্দমাদায় নদীবদ্ভাবেঽপি বিশেষবিধানমস্তি চেন্নৈবমভিপ্রায়াপরিজ্ঞানাৎ বিশেষ-বিধানাদ্বিশেষেণোপাদানাদিত্যর্থঃ। তথাহি—'স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামী'ত্যত্র সমাসেন টাদ্যনুবৃত্তৌ সত্যামপি ঙবদ্বচনে 'হ্রস্বশ্চ ঙবতী'ত্যনেত নদীবদ্ভাববিধানাদামীত্যেব লভ্যতে, যৎপুনরাম্-বিধানং তদ্বিশেষবিধানমিত্যর্থঃ। যদ্বা স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামী'ত্যত্রানুগ্রহণং 'হ্রস্বশ্চ ঙবতী'ত্যত্র চকারকরণম্ অনয়োর্যদ্বিশেষেণোপাদানং তদ্বিশেষবিধানমিত্যর্থঃ। অন্যথোভয়োরপি সূত্রয়ো-রামগ্রহণং চকারশ্চ ব্যর্থমেব স্যাৎ টাদ্যনুবৃত্তাবেব সাধ্যস্য সিদ্ধেঃ। নমু যথামি চ বিশেষ-বিধানমুচ্যতে, তথা ঙবত্যপি বিশেষবিধানং কথং ন স্যাৎ। তথাহি—টাদ্যনুবৃত্তৌ সত্যাং পূর্ব্বসূত্রেণৈব ইয়ুব্স্থানয়োরামি সিদ্ধত্বাৎ। 'হ্রস্বশ্চ ঙবতী'ত্যত্র ঙবতীতি লভ্যত এব যৎ পুনর্ঙবদ্গ্রহণং তদ্বিশেষবিধানার্থমিতি। নমু কথমিদমুচ্যতে আমগ্রহণেনৈব টাদ্যনুবৃত্তের্ব্যব-হিতত্বাৎ সামান্যং বা নিমিত্তম্ আম্ বা নিমিত্তং স্যাৎ। তদ্বাধনার্থং ঙবদ্গ্রহণং তৎ কথং বিশেষবিধানার্থং ভবিষ্যতি? নৈবং 'বিশেষাতিদিষ্টঃ প্রকৃতং ন বাধত' ইতি ন্যায়াৎ টাদিরেবানু-বর্ত্তিষ্যতে, কুতঃ সামান্যং বা আম্ বা নিমিত্তং স্যাৎ। তর্হি টাদ্যনুবৃত্তৌ আমোঽপি সম্ভবাৎ আমি পরে হ্রস্বস্য বিভাষয়া নদীবদ্ভাব এব দূষণং তন্নিবৃত্ত্যর্থং ঙবদ্গ্রহণং কথং বিশেষবিধানার্থং ভবিষ্যতি? নৈবমামি পরতো হ্রস্বস্য বিভাষয়া নদীবদ্ভাবেঽপি নিষ্প্রয়োজনং দূষণাভাবাৎ। [তথাহি হ্রস্বান্তস্য নদীবদ্ভাবঃ পক্ষ ইতি বিশেষঃ।] হ্রস্বস্য নদীবদ্ভাবদ্বারা বা উভয়থাপি বুদ্ধীনামিত্যাদিপ্রয়োগস্য সিদ্ধিরিতি। নৈবং দূষণস্য সত্ত্বাৎ, তথাহি হ্রস্বদ্বারৈবামি নাগমসিদ্ধে যৎ পুনর্ব্বিকল্পপক্ষে নদীবদ্ভাবঃ ক্রিয়তে, তন্নদীদ্বারৈব নাগমার্থমিতি। তথাচ বুদ্ধ্যাং বুদ্ধীনামিতি রূপদ্বয়ং স্যাৎ,তস্মাৎ টাদিনিবৃত্ত্যর্থং ঙবদ্গ্রহণমবশ্যমেব কর্ত্তব্যং,কুতো বিশেষবিধানার্থং ভবিষ্যতি, অতঃ পঞ্জিকায়ামপি আমি চ বিশেষবিধানাদিতি যদুক্তং তদ্যুক্তমেবেতি সাম্প্রদায়িকাঃ। তদসৎ টাদ্যনুবৃত্তৌ যৎ পুনর্ঙবদ্গ্রহণং তদ্বিশেষবিধানার্থমিতি পূর্ব্বপক্ষোঽবিরুদ্ধ এব। তস্মাদয়মেব সিদ্ধান্তঃ—যদ্যপি ক্রমেণ উভয়ত্রাপি বিশেষবিধানত্বং সংগচ্ছতে, তথাপি আম্যেব বিশেষবিধানতা কল্প্যতে, নতু ঙবতীতি। যদ্বা আমি বিশেষবিধানকল্পনে 'স্ত্রীনদীব'দিত্যনেন ঙবৎসু বহুদাহরণানি সম্ভবন্তি। ঙবতীত্যস্য বিশেষবিধানকল্পনে তু 'স্ত্রীনদীব'দিত্যনেনাম্যেবোদাহরণং সিধ্যতীতি। তস্মাদ্বহুদাহরণসম্ভবে একোদাহরণং প্রতি যোগারম্ভস্যান্যায্যত্বাদিতি গুরবঃ। বস্তুতস্তু এবং যোজনীয়া পঞ্জী—ঙবত্যেব নদীবদ্ভাবস্য প্রয়োজনম্, আমি চ নদীবদ্ভাব প্রয়োজনমিতি বিশেষঃ। টীকায়ামপি আমি ঙবতি চ নদীপ্রয়োজনং স্যাদিত্যুক্তমিতি ন বিরোধঃ। তর্হি বক্ষ্যমাণবচনাভ্যাং বিকল্পঃ কথন্ন স্যাদিত্যাহ—বিশেষবিধানাদিতি পৃথক্করণাদিত্যর্থঃ। অন্যথা ইয়ুব্স্থানত্বাত্তাভ্যামেব যোগাভ্যাং সাধ্যস্য সিদ্ধিরিতি। এবঞ্চ সতি উপসর্গাপবাদন্যায়েন 'হ্রস্বশ্চ ঙবতী'ত্যনন্তরং 'স্ত্রী চে'তি বিদধ্যাৎ(১)। তর্হি 'হ্রস্বশ্চ ঙবতী'ত্যনন্তরং 'স্ত্রী চে'তি পাঠে কথমাম্ ঙবতোরুপলব্ধিঃ?

---

(১) তন্ন বিকল্পো হি বচনবলাদেব ন ভবিষ্যতীতি উত্তরগ্রন্থস্য পুনরুক্ত্যাপত্তেঃ। তস্মাদেবমেব পর-

৮১। স্ত্র্যাখ্যাবিয়ুবৌ বামি ॥

স্ত্র্যাখ্যাবিয়ুব্স্থানাবামি পরে নদীবদ্ভবতো বা। শ্রীণাম্, শ্রিয়াম্; ভ্রূণাম্, ভ্রুবাম্। স্ত্র্যাখ্যাবিতি কিম্? যবক্রিয়াম্, কটপ্রুবাম্ ॥

যাবত্তানন্তরত্বাৎ ভবতোঽনুবর্ত্তনমেব যুজ্যতে? সত্যং স্ত্র্যাখ্যেয়ুব হ্রস্বো বা নদীব'দিত্যেকযোগং কৃত্বা তৎপশ্চাৎ 'স্ত্রী চে'তি কর্ত্তব্যমিতি ভাবঃ। যচ্চ 'হ্রস্বশ্চ ভবতী'ত্যুক্তং তৎ সিদ্ধশাস্ত্রানুসারেণৈবেতি মহান্তঃ।

(৮১) স্ত্র্যাখ্যৌ—১॥, ইয়ুবৌ—১॥, বা—১।, আমি—৭।; স্ত্রিয়মাচক্ষাতে যৌ তৌ স্ত্র্যাখ্যৌ; স্ত্র্যাখ্য+ঔ। ইয্ চ উব্ চ ইয়ুবৌ; ইয়ুব্+ঔ। বা+সি। আম্+ঙি। আম্ পরে থাকিলে, স্ত্র্যাখ্য যে ইয্স্থান ঈকার আর উব্স্থান উকার, ইহারা নদীবৎ হয় বিকল্পে। (যে ঈকার ও উকারের স্থানে 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' বলিয়া ইয্ এবং উব্ হয়, সেই ঈকারকে ইয্স্থান আর সেই উকারকে উব্স্থান কহে) যথা—শ্রী+আম্, শ্রীশব্দের ঈকার নিত্য স্ত্র্যাখ্য ও ইয্স্থান হওয়ায় এই সূত্র বলিয়া নদীবৎ হইল; পরে 'আমি চ নুঃ' 'নু' আগম, 'রষৃবর্ণেভ্যঃ—'ণত্ব= শ্রীণাম্। পক্ষে—শ্রী+ আম্, 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' ইয্=শ্রিয়াম্। ভ্রূ+আম্ ভ্রূশব্দের উকার নিত্য স্ত্র্যাখ্য ও উব্স্থান হওয়ায় এই সূত্র বলিয়া নদীবৎ, পরে 'নু' আগম্, ণত্ব=ভ্রূণাম্। পক্ষে—'ভ্রূর্ধাতুবৎ' ধাতুবদ্ভাব, 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' উব্=ভ্রুবাম্। 'স্ত্র্যাখ্যৌ' বলিলে কেন? 'ঈয়ুবৌ বামি' এইরূপ বলা যাউক? তাহা হইলে, 'যবক্রিয়াং, কটপ্রুবাং' স্থলেও নদীবদ্ভাব হওয়ার পর 'যবক্রীণাম্' এবং 'কটপ্রূণাম্' এইরূপ একপক্ষে অনিষ্টপদ হইতে পারে।

অতিরিক্ত আপত্তি ও মীমাংসা—সূত্রে ইয়ুবৌ' মাত্র উল্লেখ আছে, 'স্ত্র্যাখ্যৌ' এই পদটী 'ইয়ুবৌ' এই পদের বিশেষণ; সূত্রেত ইয়ুবস্থানৌ' এইরূপ বলা হয় নাই, অতএব 'স্ত্র্যাখ্যাবিয়ুব্স্থানৌ, অর্থাৎ স্ত্র্যাখ্য যে ইয্স্থান আর উব্স্থান (ঈকার এবং উকার) এইরূপ বলা হইল কি প্রকারে? পরন্তু যেস্থলে ইয্ এবং উব্ দৃষ্ট হয়, সেই স্থলেই বা নদীবৎ হউক না কেন? যথা —'শ্রিয়াম্, ভ্রুবাম্' এই স্থলে ইয্ এবং উব্ নদীবৎ হউক, তৎপরে নদীত্বনিবন্ধন, আমি চ নুঃ' বলিয়া নু আগম হওয়ার পর শ্রিয্ণাম্ এবং ভ্রুব্ণাম্' এইরূপ অনিষ্টপদ হউক? উত্তর—নদীবৎ এই 'বৎ' শব্দটী সাদৃশ্যার্থক, ঐ সাদৃশ্য ঈকার এবং উকারের সহিতই হইতে পারে, সুতরাং 'ইয়ুবৌ' পদে 'ইয়ুবস্থানৌ' বলিতে হইবে। দ্বিতীয় আপত্তি—ইয়ুবস্থান ঈকার উকার স্ত্র্যাখ্য হয় কিরূপে? এই ঈকার এবং উকারত নদী ও বধূ ইত্যাদির মত স্ত্রীলিঙ্গে বিহিত হয় নাই? উত্তর—"স্ত্র্যাখ্যাবয়বোঽপি স্ত্র্যাখ্য ইত্যুপচারাৎ" অর্থাৎ স্ত্র্যাখ্য শব্দের অবয়ব যে ঈকার এবং এবং উকার ইহাদিগকেও উপচারবশতঃ স্ত্র্যাখ্য বলিয়া স্বীকার্য্য। টীকা দেখ।

মার্থঃ। ননু টাশ্চয়ূবৌ কথমাদ্ভবতোরেবেত্যবধারণম্ অন্যাসামপি বিভক্তীনাং সম্ভাবত আহ—বিশেষেতি। যথা ঐ-আস্-আস্-আম্, আমি চ নুরিত্যাভ্যাং নদীকার্য্যস্য বিশেষবিধানাদিত্যর্থঃ। ইতি পাঠান্তরম্।

৮১ টীকা স্ত্র্যাখ্যা। ইয়ুবৌ তিষ্ঠতো যয়োস্তাবিয়ুব্‌স্থানৌ তৌ পুনরীদূতৌ ধাত্বোরবয়বাবিতি, তদেতৎ কথমিহ স্থানমন্তরেণ ন ভণ্যতে ইয়ুবোরেব নদীবদ্ভাবাৎ শ্রিয়্‌ণাং ভ্রুব্‌ণামিত্যনিষ্টরূপং স্যাৎ। নচেয়ুবাশ্রয়ত্বাদিয়ুবাবিত্যুপচারো মুখ্যে সতি যুজ্যতে? সত্যং বদ্গ্রহণং হি সাদৃশ্যার্থং তচ্চেকারোকারাভ্যামৃতে ন সম্ভবতীতি ন বিরুধ্যতে। ভজ শ্রিঞ্‌ সেবায়াং শ্রিদ্রুস্রুপ্রজ্বাং ক্বিপ্‌ দীর্ঘশ্চেতি, ক্বিবন্তত্বাৎ ধাতুত্বং ন জহাতি ইতি ধাতুত্বং শ্রীশব্দস্য। শ্রিয়ামিত্যেবং লোকে ইষ্যতে, শ্রীণামিতি ছন্দস্যেব ব্যবস্থিতবিভাষয়েত্যেকে। ভ্রমেশ্চ ডূরৌণাদিকঃ—ভ্রূঃ, ভ্রূর্ধাতুবদিত্যুবাশ্রয়ো ভবতি। কথং পুনরিয়ুবৌ স্ত্র্যাখ্যৌ স্ত্র্যাখ্যাবয়বাবপি স্ত্র্যাখ্যাবিত্যুপচারাৎ তেন শ্রিয়ং ভ্রুবমিচ্ছতীতি যিন্, ততঃ ক্বিপ্‌ য্বোর্ব্যঞ্জনেঽয়ে ইতি যলোপঃ, শ্রীণাং ভ্রূণাং পুরুষাণামিত্যপি ভবতি। তথা অতিশ্রীণাম্‌ অতিভ্রূণাং স্ত্রীণাং পুরুষাণাং বা। এবমুত্তরত্র সূত্রেঽপি প্রতিপত্তব্যম্‌। অন্যঃ পুনরাহ—ইয়ুব্‌স্থানৌ হ্রস্বৌ চ প্রবৃত্তৌ চ প্রাক্‌প্রবৃত্তেঃ স্ত্রীবচন এবেতি। অতিশ্রিয়ৈ, অতিভ্রুবৈ ব্রাহ্মণ্যৈ। ক্ব মাভূৎ—অতিশ্রিয়ে, অতিভ্রুবে ব্রাহ্মণায়। অতিশকট্যৈ অতিধেন্বৈ, ব্রাহ্মণ্যৈ। ক্ব মাভূৎ—অতিশকটয়ে অতিধেনবে ব্রাহ্মণায়। অপর আহ - ইয়ুব্‌স্থানৌ চ হ্রস্বৌ চ প্রবৃত্তৌ প্রাক্‌প্রবৃত্তেরস্ত্রীবচনএব,—অতিশ্রিয়ৈ, অতিভ্রুবৈ ব্রাহ্মণায়। ক্ব মাভূৎ—অতিশ্রিয়ে, অতিভ্রুবে ব্রাহ্মণ্যৈ। অতি শকট্যৈ, অতিধেন্বৈ, ব্রাহ্মণায়। ক্ব মাভূৎ -অতিশকটয়ে, অতিধেনবে ব্রাহ্মণ্যৈ। তদস্মাভিরুভয়ং প্রমাণমিত্যুপচারেণ গৃহ্যতে। ইয়ুব্‌স্থানাবিতি বচনাৎ যত্ববত্বস্থানয়োর্ন ভবতি আধীনাং প্রধীনাং ব্রাহ্মণীনাং বর্ষাভ্বাং পুনর্ভ্বাম্‌। তথোত্তরত্রাপি—আধ্যৈ প্রধ্যৈ বর্ষাভ্বৈ পুনর্ভ্বৈ। আধ্যায়তি, প্রধ্যায়তি, বর্ষাসু ভবতি, পুনর্ভবতীতি ক্বিপ্‌, স্বভাবাদেতে স্ত্র্যাখ্যাঃ। নচ বক্তব্যম্‌—অবয়বাবত্রাপীয়ুব্‌স্থানাবিতি। অনেকাক্ষরয়োর্লিঙ্গয়োরীদূতোর্ধাতোরসংযোগাৎ পরয়োরিতি বিশেষাদিয়ুব্‌স্থান ইতি নিশ্চিতং ব্যাবৃত্তিবলাচ্চ পরং নিত্যমপি যত্ববত্ববিধিং বাধিত্বা নদীকার্য্যমেব। প্রত্যুদাহরণমিহ মতান্তরেণ প্রদর্শিতম্‌। সংগ্রহণপক্ষে তু যবক্রিয়াং কটপ্রুবামিত্যুক্তম্‌। গ্রামণ্যাদয়ো হি স্বভাবতঃ পুংলিঙ্গাঃ, স্ত্রীত্বপ্রতীতিস্তু স্ত্রীশব্দসান্নিধ্যাৎ প্রকরণত্বাদ্বা। ষষ্ঠীবহুবচনমেবাত্র ব্যাখ্যানতো বিশেষার্থপ্রতিপত্তেরিতি।

৮. পঞ্জী। স্ত্র্যাখ্যা। ইয়ুব্‌স্থানাবিতি,—ইয়ুবৌ তিষ্ঠতো যয়োস্তাবিয়ুব্‌স্থানৌ তৌ পুনঃ পারিশেষ্যাদিকারোকারৌ। ননু কথমেতদযাবতা সাক্ষাৎ সূত্রে ইয়ুবাবেব নির্দ্দিষ্টৌ অতস্তয়োরেব নদীবদ্ভাবো ভবিতুমর্হতি ন সূত্রে স্থানগ্রহণমস্তি যেনৈবমুচ্যতে অতশ্চ ইয়ুবাদেশয়োঃ কৃতয়োর্নদীবদ্ভাবে ন্বাগমে সতি শ্রিয়্‌ণাং ভ্রুব্‌ণামিতি অনিষ্টরূপং প্রসজ্যেত ইতি অযুক্তং নদীবদিত। বৎকরণং হি সাদৃশ্যার্থং তচ্চ সাদৃশ্যমীকারোকারাভ্যামেব সম্ভবতি, কুতোঽন্যত্র প্রসঙ্গঃ, কথং পুনরিয়ুব্‌স্থানয়োরীদূতোঃ স্ত্র্যাখ্যত্বং ন খলু স্ত্রিয়ামনয়োর্বিধানমস্তি, অপি তু সমুদায়েন শব্দ এব স্ত্র্যাখ্য ইতি ন দোষঃ, স্ত্র্যাখ্যাবয়বোঽপি স্ত্র্যাখ্য ইত্যুপচারাৎ, যথা—গ্রামো দগ্ধঃ পটো দগ্ধ ইতি গ্রামাদ্যেকদেশে গ্রামাদিশব্দঃ। শ্রীণাং শ্রিয়ামিতি ভজ শ্রিঞ্‌ সেবায়াং ক্বিপ্‌, বচিপ্রচ্ছিশ্রিদ্রুস্রুপ্রজ্বাং ক্বিপ্‌ দীর্ঘশ্চেতি. নদীবদ্ভাবপক্ষে আমি চ নুরিতি নুরাগমঃ অন্যত্র ঈদূতোরিয়ুবৌ স্বর ইতি ইয়াদেশঃ। তথা ভ্রূণাং ভ্রুবামিতি ভ্রমের্ড্রৌণাদিকঃ

৮২ । হ্রস্বশ্চ ঙবতি ॥

হ্রস্বশ্চ ইদুদেব, স্ত্র্যাখ্যাবিয়ুব্‌স্থানৌ চ ঙবতি পরে নদীবদ্ভবতো বা । বুদ্ধ্যৈ, বুদ্ধয়ে ; ধেন্বৈ, ধেনবে ; শ্রিয়ৈ শ্রিয়ে ; ভ্রুবৈ, ভ্রুবে । পট্ব্যৈ স্ত্রিয়ৈ বেতি কেচিৎ । ঙবতীতি কিম্ ? হে শ্রীঃ, হে ভ্রূঃ । অপ্রসিদ্ধমুপমেয়মিতি ॥

ভ্রূধাতুবদিতি ধাতুবদ্ভাবাদুব্‌স্থানো ভবতি । স্ত্র্যাখ্যাবিত্যাদি—আখ্যাগ্রহণং নিত্যস্ত্রীবিষয়ার্থং, তেন যবক্রিয়াং, কটপ্রুবাং স্ত্রীণামিত্যত্রাপি ন ভবতি ।

৮১ কবিরাজঃ । স্ত্র্যাখ্যা । অপ্রাপ্তে বিভাষেয়ং যস্মাৎ পূর্ব্বং (১) নদীত্বস্য সর্ব্বত্র ব্যাবর্ত্তনাৎ প্রাপ্তেরভাবঃ ।

(৮২) হ্রস্বঃ—১।, চ—লু ১।,ঙবতি—৭। ; হ্রস্ব+সি । চ+সি । ঙকারো বিদ্যতে যস্য তৎ ঙবৎ, তস্মিন্ ; ঙবন্ত্+ঙি । স্ত্র্যাখ্য হ্রস্ব ইকার এবং উকার, আর স্ত্র্যাখ্য ইয়্‌স্থান এবং উব্‌স্থান ইহারা বিকল্পে নদীবৎ হয়, ঙবন্ত বচন পরে থাকিলে । (ঙবন্তবচন—ঙে ঙসি. ঙস্ ঙি (হ্রস্বশব্দে অ, ই, উ, ঋ, এবং ঌ পাওয়া গেলেও এই সূত্রে তাৎপর্য্যবশতঃ ই এবং উমাত্র বুঝিতে হইবে, যে হেতু হ্রস্ব এই পদেরও স্ত্র্যাখ্য এই পদটি বিশেষণ, সুতরাং স্ত্র্যাখ্য অকার অসম্ভব ; আর মাতৃ স্বসৃপ্রভৃতি স্থলে ঋকারও স্ত্র্যাখ্য হইয়াছে বটে, কিন্তু ইয়ুব্‌স্থান ইকার ও উকারের সাহচর্য্যবশতঃ হ্রস্বশব্দে কেবল হ্রস্ব ইকার ও হ্রস্ব উকারই বুঝিতে হইবে । সাহচর্য্য যথা —ইয়ুব্‌স্থান শব্দে ঈকার ঊকার, এখন দেখা যাইতেছে—ইহারা যথাক্রমে তালব্য ও ওষ্ঠ্য, তৎসাহচর্য্যপ্রযুক্ত হ্রস্বও গৃহীত হইবে—তালব্য এবং ওষ্ঠ্য । উদাহরণ যথা—বুদ্ধি+ঙে, এই সূত্র বলিয়া নদীবৎ, পরে নস্থেবৎ সাধ্য=বুদ্ধ্যৈ । পক্ষে—বুদ্ধি+ঙে=বুদ্ধয়ে অগ্নয়েবৎ সাধ্য । ধেনু +ঙে, নদীবদ্ভাব=ধেন্বৈ, বধ্বৈবৎ । শ্রী+ঙে, নদীবদ্ভাব, ঙেস্থানে ঐ, 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' ইয়্=শ্রিয়ৈ । পক্ষে—ইয়্‌মাত্র=শ্রিয়ে । ভ্রূ+ঙে, নদীবদ্ভাব, ঙেস্থানে ঐ, 'ভ্রূধাতুবৎ' ধাতুবদ্ভাব, 'ঈদূতোরিয়ুবৌ স্বরে' উব্=ভ্রুবৈ । পক্ষে—ভ্রুবে. ধাতুবৎ ও উব্‌মাত্র ।

পট্ব্যৈ ইত্যাদি—পটু শব্দ বিশেষণ, তিন লিঙ্গেই প্রযুক্ত হইয়া থাকে, কিন্তু পট্ব্যৈ স্ত্রিয়ৈ স্থলে 'স্ত্রিয়ৈ' এই পদের সহিত অন্বিত হওয়ায় পুংলিঙ্গ ও নপুংসক লিঙ্গ হইতে ব্যাবৃত্ত হইয়া কেবল স্ত্রীলিঙ্গেই প্রযুক্ত হইয়াছে, অতএব স্ত্র্যাখ্য হওয়ায়, কোন কোন বৈয়াকরণের মতে পটু শব্দের বিকল্পে নদীবদ্ভাব করিয়া পট্ব্যৈ এবং পটবে এই দুইটী পদ সাধিত হয় । অস্মন্মতে—'আখ্যাগ্রহণং

---

(১) অম্ আমিতি সন্দেহে আমেব ব্যাখ্যানতো বিশেষার্থপ্রতিপত্তেরিতি টীকাব্যাখ্যানাৎ আচার্য্যপার-ম্পর্য্যাদিত্যর্থঃ । ক্রুত্বাদিতি কেচিৎ । অম্‌গ্রহণে বামশসোরিত্যত্রামগ্রহণং ন কৃতং তাদিষ্‌স্থানিত্বাদনেনৈব সিদ্ধে নদীবদ্ভাবে সতি অম্‌শসোরাদিলে াপমিত্যনেন সিদ্ধত্বাৎ ইতি পাঠান্তরম্ ।

নিত্যস্ত্রীবিষয়ার্থম্' এইরূপ বলাতে, ঐস্থলে স্ত্র্যাখ্য না হওয়ায় নদীবদ্ভাব হইবে না, 'পটবে' এই একটি পদই হইবে। (যে স্থলে শব্দ স্বভাবতই স্ত্রীলিঙ্গে প্রযুক্ত হয়, সেই স্থলেই নিত্যস্ত্রীলিঙ্গ-বিষয়তা জানিবে, যথা—নদী, স্ত্রী, লক্ষ্মী, বুদ্ধি—ইত্যাদি) পটুশব্দস্য পটুঃ পুমান্ ইত্যাদিষু শব্দান্তরেণ স্ত্রীবিষয়স্য ব্যবচ্ছিন্নত্বাৎ কুতো নিত্যস্ত্রীবিষয়তা ইতি ভাবঃ।

'ঙবতি' বলিলেন কেন ? 'হ্রস্বশ্চ' এইমাত্র সূত্র বলা যাউক ? তাহা হইলে 'হে শ্রীঃ, হে ভ্রূঃ' ইত্যাদি স্থলে সম্বোধন সি পরেও নদীবৎ হওয়ার পর হ্রস্ব ও সিলোপ হইলে 'হে নদি' 'হে বধু'র মতন 'হে শ্রি এবং হে ভ্রু' ইত্যাকার প্রয়োগ হইতে পারে। আশঙ্কা—'হে শ্রীঃ' এবং 'হে ভ্রূঃ' স্থলে 'ঈদূৎস্ত্র্যাখ্যৌ নদী' বলিয়া নদীসংজ্ঞা হইল না কেন ? যদিও উক্ত স্থলে কেবল ঈকার ও উকার স্ত্র্যাখ্য হয় নাই 'শ্রী' এবং 'ভ্রূ' এই সমুদায়ই স্ত্র্যাখ্য হইয়াছে, তথাপি লক্ষ্মী শব্দের মতন ('সমুদায়স্য স্ত্র্যাখ্যত্বেঽবয়বস্যাপি স্ত্র্যাখ্যত্বমুপচারাদ্ভবতি যথা লক্ষ্মীশব্দস্য) উপচার-বশতঃ সমুদায়ের স্ত্র্যাখ্যত্বে অবয়বের স্ত্র্যাখ্যত্ব বিবক্ষা করিলেই নদীসংজ্ঞার প্রাপ্তি হইতে পারে ? যদি বল,—এই সূত্রের ঙবতির ব্যাবৃত্তি নিবন্ধন উক্তস্থলে নদীসংজ্ঞা হইবে না, ইহাও অযুক্ত, যেহেতু এই সূত্রদ্বারা বিকল্পে নদীবদ্ভাববিধান আর 'ঈদূৎস্ত্র্যাখ্যৌ নদী' বলিয়া নিত্যনদীসংজ্ঞার বিধান, সুতরাং বিকল্পবিধি নিত্যবিধিকে বাধা করিতে পারে না ? উত্তর—অপ্রসিদ্ধমুপমেয়-মিতি। 'অতএবাতিদেশবিধানাৎ ইয়ুব্স্থানয়োরীকারোকারয়োঃ স্ত্র্যাখ্যত্বেঽপি নদীত্বস্যাপ্রসিদ্ধি-রাখ্যায়তে যস্মাৎ উপমেয়মপ্রসিদ্ধম্। যদি পুনরিহ নদীসংজ্ঞা স্যাৎ, তদা সর্ব্বথা সমানধর্ম্মত্বাৎ উপমানোপমেয়য়োরবিষয়ত্বেন বৎকরণমনর্থকং স্যাদিত্যর্থঃ' এই সূত্রের অর্থে যে 'নদীবৎ' এই কথাটী বলা হইয়াছে, ইহাদ্বারাই জানা গেল—ইয়্স্থান ও উব্স্থান ঈকার এবং উকার স্ত্র্যাখ্য হইলেও নদীসংজ্ঞক হইবে না, যেহেতু 'নদীবৎ' এই যে বৎশব্দ দৃষ্ট হইতেছে উহাদ্বারা উপমান উপমেয়ভাব প্রতীয়মান হইতেছে, নদী উপমান শব্দ, আর ইয়্স্থান উব্স্থান ঈকার ও উকার উপমেয় শব্দ ; সর্ব্বত্রই প্রায় দেখা যায় যে, উপমান পদার্থ প্রসিদ্ধ আর উপমেয় পদার্থ অপ্রসিদ্ধ হয়, চন্দ্রবন্মুখম্- চন্দ্র উপমান—সৌন্দর্য্যে প্রসিদ্ধ, মুখ উপমেয়—সৌন্দর্য্যে অপ্রসিদ্ধ। এক্ষণ মনে কর—ইয়ুব্স্থান ঈকার উকার যদি স্বভাবতই নদী হয় তবে আর তাহারা নদীবৎ, অর্থাৎ নদীর মতন, এই কথা বলিতে পারা যায় না, মুখ যদি স্বভাবতই চন্দ্র হইত, তবে আর কি মুখ চন্দ্রের মতন এইরূপ বলা যাইতে পারে ? "প্রসিদ্ধস্য সাধর্ম্ম্যাৎ অপ্রসিদ্ধস্য সাধনমুপমানম্। উপমীয়তে সদৃশীক্রিয়তে—যত্তৎ উপমেয়ম্। উপমীয়তে সদৃশীক্রিয়তে যেন তৎ উপমানম্। তদ্ভিন্নত্বে সতি তদ্গতভূয়োধর্ম্মবত্ত্বম্ উপমেয়ত্বম্।" নদীভিন্নকেই নদীর মতন বলা যাইতে পারে, নদীকে নদীর মতন বলিতে পারা যায় না। এই জন্যই বলিয়াছেন—"অপ্রসিদ্ধমুপমেয়মিতি"—উপমেয় অপ্রসিদ্ধ। সুতরাং স্থির হইল—ইয়্স্থান ঈকার এবং উব্স্থান উকার নদীসংজ্ঞক নহে,

আম্ ও ঙবস্তবচন পরে নদীবৎ হইবে, অন্যত্র অনদীই থাকিবে, যদি অন্যত্রও নদীসংজ্ঞক হয়, তবে সূত্রে নদীবৎ শব্দ ব্যর্থ হইয়া পড়ে।

"ঙবতীত্যাদি—ঙবতীতি ব্যাবৃত্তিবলাৎ" হইতে "ইতি ন বিরুধ্যতে" পর্য্যন্ত টীকা দেখ।

পরিশিষ্ট— ১১) ন সমাসে পুংসি হ্রস্বেয়ুব্ নদী।—পুংলিঙ্গে সমাসে উপসর্জ্জনং হ্রস্বেয়ুব্স্থানং নদী ন ভবতি। সমাসস্থিত পুংলিঙ্গে বর্ত্তমান ইয়ুব্স্থান ঈকার ও উকারের নদীসংজ্ঞা হয় না। যথা—সুমতয়ে, সুধেনবে ছাত্রায়। ভূরিশ্রিয়াং, বভ্রুভ্রুবাং, যূনাম্। ভূরিশ্রিয়ে, বভ্রুভ্রুবে যূনে: সমুদায়ে পুংস্যপি মত্যাদীনাং স্ত্র্যাখ্যত্বাৎ প্রসঙ্গঃ। যথা—অতিতন্ত্র্যৈ অতিবধ্বৈ যুনে। উক্তং হি ভাষ্যে—সিদ্ধস্তবয়বস্ত্রীত্বাদিতি। পুংসীতি কিং? সুমত্যৈ, সুমতয়ে, সুধেন্বৈ, সুধেনবে; ভূরিশ্রিয়ৈ, ভূরিশ্রিয়ে; বভ্রুভ্রুবৈ, বভ্রুভ্রুবে স্ত্রিয়ৈ। ভূরিশ্রীণাং ভূরিশ্রিয়াং; বভ্রুভ্রূণাং, বভ্রুভ্রুবাং স্ত্রীণামিতি। ভাষ্যেঽপ্যুক্তং—"সমাসেঽস্ত্রীবচন এব আম্ঙবদাশ্রয়া বিভাষেতি। নিষেধোঽয়মাম্ঙবদাশ্রয়স্য বিকল্পস্যৈব, নিত্যনদীত্বস্য তু নদীবত্ত্বাভাবাদেব নিবৃত্তিঃ সিদ্ধা। হে ভূরিশ্রীঃ হে ভূরিভ্রূঃ। "জাতা সুভ্রু মনোরমে তদবশে"তি রুদ্রটস্য তু সামান্যোপক্রমেণ স্যাৎ। যথা—"বিহর ময়া সহ ভীরু কাননানী"তি বাল্মীকেঃ, নহি ভীরোরূঙ্স্মার্ত্ত ইতি সামান্যোপক্রমশ্চায়ম্। "শক্যং শ্বমাংসাদিভিরপি ক্ষুৎ প্রতিহন্তু"মিতি সমাধয়ে ভাষ্যেঽপীষ্ট এব। ইহা মুখস্থ কর।

৮২ টীকা। হ্রস্ব। ইদুদেবেতি। ননু কথমিহেকার উকার এবেতি লভ্যতে হ্রস্ব ইতি সামান্যনির্দ্দেশাৎ মাত্রে হুহিয়ে ইত্যত্রাপি স্যাৎ। নৈবমিয়ুবাশ্রয়ৌ হি দীর্ঘাবীকারোকারৌ তদপেক্ষয়া হ্রস্ব ইকারোকারাবেবাবসীয়েতে ইতি। কিঞ্চ বৎকরণং সাদৃশ্যার্থং, সাদৃশ্যং পুনরিকারোকারয়োরেব সম্ভবতি [কিঞ্চিৎ সম্ভবতি] একস্থানত্বাৎ ন পুনশ্চ কারস্যেতি। অগ্নির্ব্বা মণ্ডূকপ্লুতিন্যায়েন বর্ত্ততে। স্ত্র্যাখ্যেতি উভয়োর্ব্বিশেষণং—হ্রস্বঃ স্ত্র্যাখ্যঃ, ইয়ুব্স্থানৌ চ স্ত্র্যাখ্যাবিতি পট্বৈ ইত্যাদি—ননু পট্বাদয়োঽপি স্ত্রীশব্দসান্নিধ্যাদেব স্ত্রীত্বমাচক্ষতে, অন্যথা পটুঃ শুচিরিত্যুক্তে, ন জ্ঞায়তে—কিং স্ত্রী পুমান্ বেতি সামান্যশব্দত্বাৎ, গুণবচনা হি গুণযোগাদ্গুণবতি বর্ত্তন্তে, গুণেন চ পাটবাদিনা ন স্ত্র্যেব যুজ্যতে কিন্তু পুমানপি, তস্মাদ্গ্রামণ্যাদিবৎ পট্বাদীনামপি নদীত্বং ন প্রাপ্নোতি। নৈবং শব্দান্তরসন্নিধানেন কেষাঞ্চিদর্থান্তরেঽপি প্রবৃত্তানাং প্রবৃত্তিরেব ক্রিয়তে, যথা—গৌরবং পামর ইতি। কেষাঞ্চিৎ সামান্যেন, তত্রান্যত্র চ প্রবৃত্তানামন্যত্র চ প্রবৃত্তির্ব্ব্যবচ্ছিদ্যতে। যথা—নীলমুৎপলমিতি উৎপলশব্দোঽয়ম্ উৎপলজাত্যধ্যাসিতেষু দ্রব্যেষু নীলেষু রক্তাদিষু চ প্রবৃত্তোঽস্য রক্তাদিষু যা প্রবৃত্তিঃ সা নীলশব্দেন সমানাধিকরণেন ব্যবচ্ছিদ্যতে ন পুনর্নীলে বৃত্তিঃ ক্রিয়তে তত্র স্বয়ং প্রবৃত্তত্বাৎ, স্বয়ং প্রবৃত্তিস্তু তথাপি প্রবৃত্তিনিমিত্তস্যোৎপলজাতেঃ সম্ভবাৎ। তদ্বদিহাপি পট্বাদীনাং পাটবাদিগুণযোগাৎ স্ত্রিয়াং পুংসি নপুংসকে চ প্রবৃত্তানাং স্ত্রীশব্দেন সমানাধিকরণেন পুংনপুংসকয়োর্বৃত্তির্ব্যবচ্ছিদ্যতে ন পুনঃ স্ত্রিয়াং বৃত্তিঃ ক্রিয়ত ইতি বিভাষয়া নদীবত্ত্বাবঃ স্যাদিতি কেচিদাচক্ষতে, তদা স্ত্র্যাখ্যাগ্রহণমনুপকারকমেব স্যাৎ গ্রামণ্যাদয়ো হি পুংলিঙ্গা এব নিশ্চিতাঃ। ঙবতীত্যাদি—ঙবতীতি ব্যাবৃত্তিবলাৎ হে শ্রীঃ হে ভ্রূঃ, তথা হে চারুশ্রীঃ হে নম্রভ্রূঃ স্ত্রী পুরুষো বা পূর্ব্বেণ প্রাপ্তাবপীকারোকারলক্ষণা নদীসংজ্ঞা ন ভবত্যত এবাতিদেশবলাৎ, যতঃ প্রসিদ্ধস্য

সাধর্ম্ম্যাদপ্রসিদ্ধস্য সাধনমুপমানং তৎ পুনরেকদেশস্যৈব বস্তুনঃ সমানাধিকরণত্বাদ্ভবতি, যথা - মেরুসর্ষপয়োরিতি সর্ব্বথা অর্থস্য সমানধর্ম্মত্বে পৃথগধ্যবসায়ানুপপত্তেঃ তস্মাদ-প্রসিদ্ধমুপমেয়মিতি নদীসংজ্ঞায়ামিয়ুবাশ্রয়াবীকারোকারাবপ্রসিদ্ধাবিতি নদীলক্ষণঃ সিলোপঃ সম্বুদ্ধৌ হ্রস্বো ন স্যাৎ। যবস্থানয়োঽস্য নদীসংজ্ঞা স্যাৎ—হে আধি, হে প্রধি, হে বর্ষাভু, হে পুনভু'। সম্বুদ্ধিসিলোপো হ্রস্বশ্চ ভবতি, যথা—আধীঃ প্রধীঃ বর্ষাভূঃ পুনভূঃ পশ্যেতি শসোঽকারলোপঃ। কথং "বিমাননা সুভ্রু কুতঃ পিতুর্গৃহে" ইতি মতান্তরেণাস্ত্রীবচন ইত্যস্য ব্যাবর্ত্তনাৎ অস্ত্রীবচনে ভবতি নদীবদ্ভাবঃ স্যাৎ, অভবতি ন ভবতি, স্ত্রীবচনে তু সর্ব্বত্র নদী-সংজ্ঞাস্ত্যেবেতি ন বিরুধ্যতে।

৮২ পঞ্জী। হ্রস্বশ্চ। ননু হ্রস্ব ইত্যুক্তে কথমিকারোকারাবেবাবসীয়েতে যাবতা সামান্য-নির্দ্দেশাৎ মাত্রে ঋদ্ধিত্রে ইত্যত্রাপি স্যাৎ ইতি চেৎ নৈবং, ইয়ুব্‌স্থানৌ হি দীর্ঘাবীকারো-কারাবেব প্রবর্ত্তেতে, তৎ তৎসান্নিধ্যাৎ তয়োরেব সবর্ণৌ হ্রস্বঃ প্রতিপত্তব্যঃ। অথবা বৎকরণং হি সাদৃশ্যার্থমবগময়তি, তচ্চ হ্রস্বয়োরিকারোকারয়োরেব কিঞ্চিৎ সম্ভবতি একস্থানিত্বাৎ, ন পুনঋ'কারস্যাভিন্নস্থানিত্বাদ্বা। অথবা মণ্ডূকপ্লুত্যা অগ্নিরেবানুবর্ত্তত ইত্যালোচ্যাহ—হ্রস্ব ইদুদেব। পটু ইত্যাদি—পটুশব্দঃ পাটবগুণযোগাৎ স্ত্রিয়াং পুংসি নপুংসকে চ সামান্যেন বর্ত্ততে ততঃ স্ত্রীশব্দেন সমানাধিকরণেন পুংনপুংসকয়োর্বৃত্তির্ব্যবচ্ছিদ্যতে ন পুনঃ স্ত্রিয়াং বৃত্তিঃ ক্রিয়তে, তত্র স্বত এব প্রবৃত্তত্বাদিত্যাহ—স্ত্রিয়ৈ বেতি কেচিৎ। অতঃ স্ত্র্যাখ্যত্বেন বিভাষয়া নদীবদ্ভাবঃ স্যাদিত্যর্থঃ, কেচিদিত্যন্যে, ন বয়মিত্যর্থঃ। আখ্যাগ্রহণস্য নিত্যস্ত্রী-বিষয়ত্বাৎ পটুশব্দস্য পটুঃ পুমান্ ইত্যাদিষু শব্দান্তরেণ স্ত্রীবিষয়স্য ব্যবচ্ছিন্নত্বাৎ কুতো নিত্যস্ত্রী-বিষয়তেতি ভাবঃ। ভবতীত্যাদি -অথাত্র কথমীদৃৎস্ত্র্যাখ্যৌ নদীতি নদীসংজ্ঞা ন ভবতি, সমুদায়স্য স্ত্র্যাখ্যত্বেঽবয়বস্যাপি স্ত্র্যাখ্যত্বমুপচারাৎ প্রাপ্নোতি, যথা—লক্ষ্মীশব্দস্য; কথমন্যথা হে লক্ষ্মি ইতি সম্বুদ্ধৌ হ্রস্বঃ স্যাৎ। অথ ভবতীতি ব্যাবৃত্তিবলাৎ প্রাপ্তাপি নদীসংজ্ঞা ন ভবতীতি চেদযুক্তমিহ নিত্যনদীত্বেন নদীসংজ্ঞায়া ব্যাবৃত্তি [ব্যাপ্তি] রস্ত্যেব ? সত্যমতএবাতিদেশ-বিধানাদিয়ুব্‌স্থানয়োরীকারোকারয়োঃ স্ত্র্যাখ্যত্বেঽপি নদীত্বেঽপি নদীত্বস্যাপ্রসিদ্ধিরাখ্যায়তে; যস্মাৎ অপ্রসিদ্ধস্যৈব উপমেয়ত্বমিতি, অতএবাহ—অপ্রসিদ্ধমুপমেয়মিতি। প্রসিদ্ধমুপমানং, তস্য জ্ঞাপকত্বাৎ। তথাচোক্তং—"প্রসিদ্ধস্য সাধর্ম্ম্যাদপ্রসিদ্ধস্য সাধনমুপমান"মিতি, যদি পুন-রিহ নদীসংজ্ঞা স্যাৎ তদা সর্ব্বথা সমানধর্ম্মত্বাৎ উপমানোপমেয়য়োরবিষয়ত্বেন বৎকরণমনর্থকং স্যাদিত্যর্থঃ।

৮২ কবিরাজঃ। হ্রস্বঃ। ননু যথা দীর্ঘেকারসন্নিহিতো হ্রস্ব ইকারস্তথা ঋকারোঽপি সন্নিহিতঃ সম্ভবতীত্যাহ—অথবেতি। একস্থানত্বাদিতি একস্থানোচ্চার্য্যত্বাদিত্যর্থঃ। ননু যথা স্থানকৃতসাদৃশ্যং গৃহ্যতে তথা বর্ণগতসাদৃশ্যমাদায় ঋকারস্যাপি প্রসঙ্গঃ কথং ন স্যাদিত্যাহ—অথবেতি। পক্ষান্তরমিতি সাম্প্রদায়িকাঃ। মতান্তরমিতি মহান্তঃ। নদীসংজ্ঞা কথন্ন ভবতীতি —ননু কথমিদমুচ্যতে ঈদূতোঃ স্ত্র্যাখ্যত্বাভাবাদিত্যাহ—সমুদায়স্যেতি। কেচিত্তু আখ্যাগ্রহণং স্বভাবতঃ স্ত্রীপরিগ্রহার্থং, তন্মতে পটুৈ স্ত্রিয়ৈ ইতি কৈশ্চিদুক্তমিতি ভাবঃ।

৮৩। নপুংসকাৎ স্যমোর্লোপো ন চ তদুক্তম্॥

নপুংসকলিঙ্গাৎ পরয়োঃ স্যমোর্লোপো ভবতি তদুক্তঞ্চ কার্য্যং ন ভবতি। পয়ঃ, পয়ঃ; তৎ, তৎ; সুসখি, সুসখি। নপুংসকাদিতি কিম্? সুপয়া গৌঃ।

---

(৮৩) নপুংসকাৎ—৫।১, স্যমোঃ—৬।২, লোপঃ—১।১, ন—লু—১।১, চ—লু—০।১, তদুক্তম্ লু—১।১; নপুংসক+ঙসি। সিশ্চ অম্ চ স্যমৌ, তয়োঃ; স্যম্+ওস্। লোপ+সি। ন+সি। চ+সি। তস্মিন্ উক্তম্ তদুক্তম্; তদুক্ত+সি। নপুংসক লিঙ্গ হইতে বিহিত যে সি আর অম্, তাহাদের লোপ হয়, আর লোপ হইলেও উক্ত কার্য্যের (অর্থাৎ 'প্রত্যয়-লোপে প্রত্যয়লক্ষণম্' এই ন্যায়ানুসারে যে কার্য্যের প্রাপ্তি ঘটে, সে কার্য্যের নিষেধ থাকে। যথা—পয়স্+সি, এই সূত্রে সিলোপ, 'প্রত্যয়লোপে প্রত্যয়লক্ষণম্ এই ন্যায় অনুসারে অন্বসন্তস্য চাধাতোঃ সৌ' বলিয়া দীর্ঘ হইতে পারিত, এই সূত্র বলিয়া তাহার নিষেধ রহিল. সস্থানে বিসর্গ=পয়ঃ। পয়স্+অম্. অম্লোপ, বিসর্গ=পয়ঃ। তদ্+সি, সিলোপ, 'বিরামব্যঞ্জনাদাবুক্তম্—' অতিদেশ আশ্রয়ে, 'বা বিরামে দস্থানে ত=তৎ। তদ্+অম্ পূর্ব্ববৎ=তৎ। 'তৎ' স্থলে লোপের পর 'প্রত্যয়লোপে—' ন্যায়ানুসারে 'ত্যদাদীনাম বিভক্তৌ' দস্থানে অকার হইতে এই সূত্রে নিষেধ রহিল। 'শোভনঃ সখা যস্য কুলস্য তৎ' এই বাক্যে, সুসখি+সি, সি'র, লোপ; 'সখ্যুশ্চ' অন্ হইতে নিষেধ রহিল=সুসখি। পূর্ব্ববদ্‌বাক্যে, সুসখি+অম্, লোপ=সুসখি।

নপুংসকাদিতি।—'নপুংসকাৎ' বলিলে কেন? 'স্যমোর্লোপো নচ তদুক্তম্, এইরূপ সূত্র বলা যাউক? অর্থ—সি এবং অমের লোপ হয়, লোপ করিলেও উক্ত কার্য্যের নিষেধ থাকে। উত্তর—তাহা হইলে, 'শোভনানি পয়াংসি যস্যাঃ সা' এই বহুব্রীহিসমাসে সুপয়স্ শব্দ 'গৌঃ' এই স্ত্রীলিঙ্গ গোশব্দের বিশেষণ হওয়ায় স্ত্রীলিঙ্গ হইল, এই স্থলেও এই সূত্র বলিয়া সি'র লোপ এবং 'অন্বসন্তস্য—' ইত্যাদি বলিয়া দীর্ঘ হইতে নিষেধ থাকিতে পারে। (পয়স্-শব্দ নপুংসক লিঙ্গ হইলেও সমাসবশতঃ সুপয়স্ শব্দ স্ত্রীলিঙ্গ হইয়াছে) সুপয়স্+সি 'ব্যঞ্জনাচ্চ'-সিলোপ, 'অন্বসন্তস্য—'দীর্ঘ, বিসর্গ—সুপয়াঃ (পরে সন্ধি—সুপয়াঃ গৌঃ) আপত্তি—'যেন বিধিস্তদন্তস্য" এই ন্যায়ানুসারে নপুংসকপদে নপুংসকান্ত বুঝাইলে ঐ স্থলেও এই সূত্র বলিয়াই সিলোপ এবং দীর্ঘ হইতে নিষেধ থাকিতে পারে? যেহেতু সুপয়স্ শব্দ নপুংসকান্ত হইয়াছে। উত্তর—নপুংসকাৎ এই পঞ্চমী বিহিতবিশেষণা, অর্থ—নপুংসকলিঙ্গ হইতে বিহিত সি এবং অমের লোপ হয়, 'সুপয়াঃ' স্থলে নপুংসকলিঙ্গ হইতে বিহিত সি হয় নাই, স্ত্রীলিঙ্গ হইতে বিহিত হইয়াছে, সুতরাং সিলোপ হইল না।

'অনডুৎপুংপয়োলক্ষ্মীনাবামেকত্ববোধনে। নিত্যং কঃ স্যাদ্বহুব্রীহৌ বা স্যাদ্বিত্ববহুত্বয়োঃ॥" ইতি নিয়মাৎ সুপয়া ইত্যত্র ন কপ্রত্যয়ঃ।

'নচ তদুক্তম্' এই চকারটী অন্বাচয়শিষ্ট (একবিধিবিধেয়স্য কার্য্যান্তরস্য পরস্পরানপেক্ষিতত্ব-

মবাচয়শিষ্টত্বম্) একসূত্রে বিহিত কার্য্যদ্বয়ের পরস্পর অপেক্ষা না করার নাম অন্বাচয়শিষ্ট। অতএব বুঝা গেল—যেস্থলে উক্ত কার্য্যের প্রতিষেধ অসম্ভব হইবে, সেই স্থলেও সি এবং অমের লোপ হইবে। যথা—পয়স্+অম্ উক্ত কার্য্যের প্রতিষেধ অসম্ভব, তথাপি অমের লোপ হইল।

'নপুংসকাৎ স্যমোর্লুক্' এরূপ মাত্র সূত্র বলিলেই 'লুগ্লোপে ন প্রত্যয়কৃতম্' বলিয়া 'প্রত্যয়লোপে—' এই ন্যায়ানুসারে প্রাপ্ত কার্য্যের নিষেধ থাকিতে পারে, 'নচ তদুক্তম্' গ্রহণ কেন ? উত্তর—'নচ তদুক্তগ্রহণ' দ্বারা জানাইলেন যে, সম্বোধনে নাম্যন্ত ও চত্বার শব্দসম্বন্ধে উক্ত কার্য্যের প্রতিষেধ বিকল্পে হইবে। যথা—হে বারি+সি—হে বারি, হে বারে। এবং হে প্রিয়চত্বঃ, হে প্রিয়চতুঃ ইত্যাদি। পরিশিষ্টমতে—'গুণোঽপথ্যাদেঃ' এই সূত্রদ্বারা পথ্যাদি ভিন্ন নাম্যন্ত নপুংসকলিঙ্গ শব্দের সম্বোধনে বিকল্পে গুণ—ইস্থানে এ উস্থানে ও এবং ঋস্থানে অর্ হইবে।

৮৩ টীকা। স্ত্রীপুংনপুংসকানি লোকলিঙ্গানুশাসনগম্যানীতি বক্ষ্যতি, নপুংসকার্থবিশিষ্টত্বা [বিশেষ্যত্বা] দুপচারান্নাম চ নপুংসকং সাপেক্ষত্বাৎ প্রকৃতেন [লিঙ্গেন] অস্য সম্বন্ধঃ। সিশ্চ অম্ চ স্যমৌ ইকারোঽত্র ন সুপঃ সকারনিবৃত্ত্যর্থঃ যস্মাদমৈকবচনেন সাহচর্য্যাদেকবচনমেব গম্যতে ক্রিয়তে চ সুখপ্রতিপত্ত্যর্থ এব। নন্ব তদুক্তমিতি কথং সমাসঃ, কিং তস্য নপুংসকস্যোক্তং তদুক্তং তয়োঃ স্যমোরুক্তং, তদুক্তং তস্মিন্ প্রত্যয়লোপলক্ষণেনোক্তং তদুক্তং বা ? তত্রাদ্যে পক্ষে দধীদং মধ্বত্রিতি সন্ধিলক্ষণস্যাপি প্রতিষেধঃ স্যাৎ। দ্বিতীয়েঽপি সিশব্দোচ্চারিতামশব্দোচ্চারিতবিধিরেব যথা অত্যুশনঃ কুলম্, উশনঃ পুরুদংশ ইত্যাদিনা অন্ ন ভবতি। সুদ্যু কুলমিতি বাম্যা ইত্যাকারো ন ভবতি। তদযুক্তং শ্রুতলোপলক্ষণে সম্বন্ধে সত্যশ্রুতসম্বন্ধিলক্ষণং ভবত্যেব। বাম্যা ইত্যস্যাপি কুতঃ প্রাপ্তিঃ বিরামব্যঞ্জনাদাবুক্তমিত্যস্য বাধকত্বাদমসহচরিতে সাবপি সামান্যকার্য্যমেব গম্যতে স্যমোর্নিমিত্তমাত্রয়োরিত্যর্থঃ। তৃতীয়স্তনন্তরতচ্ছব্দপরামর্শযোগ্যঃ সুখপ্রতিপত্তিকরশ্চেতি। অথাদ্যপক্ষেঽঙ্গীক্রিয়মাণে কথমদঃ কুলমিতি অদসঃ পদে ম ইতি ভবতি ? নৈবং তত্র বিভক্ত্যনুবর্ত্তনাৎ সাক্ষাদ্বিভক্তাবেবাবসীয়তে। পয়ঃ পয় ইত্যুদাহরণদ্বয়েন প্রতিষেধস্যান্বাচয়শিষ্টতাং দর্শয়তি—যস্মাদন্তস্য সৌ দীর্ঘ উক্তঃ, অমি তু ন কিঞ্চিদপি। নন্ব তৎকুলমিতি পরত্বাৎ ত্যদাদ্যত্বে কৃতেঽকারান্তত্বাৎ মুঃ প্রসজ্যেত ? নৈবং যথা সুসখিশব্দস্য পরত্বাদনং কৃতাকৃতপ্রসঙ্গিতয়া নিত্যো লোপো বাধতে, তথাত্রাপীতি। সিলোপে তু কৃতে ত্যদাদ্যত্বং নাস্তি তদুক্তপ্রতিষেধাৎ নৈবম্ অকারাদসম্বুদ্ধৌ মুশ্চেত্যনেন লক্ষণান্তরেণ স্যমোর্লোপো বিধীয়মানো ন নিত্যো ভবিতুমর্হতীতি, তস্মাত্ত্যদাদিভ্যশ্চেতি বক্তব্যং। নচ বক্তব্যং লক্ষণান্তরেণাপ্যকারান্তমেব নপুংসকং নিমিত্তীকৃতং পঞ্চমী নির্দ্দেশাদিতি অন্যথা অকারশ্চেতি বিদধ্যাৎ। অকারান্তস্য মুর্ভবন্ আগমা যদ্গুণীভূতাস্তে তদ্গ্রহণেন গৃহ্যন্তইত্যাগমেঽপি কৃতে নপুংসকাৎ স্যমোর্লোপো ভবিষ্যতি তস্মান্নিত্য এব লোপ ইতি। কশ্চিদাহ—পঞ্চমীনির্দ্দেশ উক্তিবাধানিরাসার্থঃ। যথা ব্রাহ্মণেভ্যো দধি দীয়তাং তক্রং কৌণ্ডিন্যায় ইতি তক্রদানেন দধিদানং বাধ্যতে, তথা আগমেন স্যমোর্লোপঃ। অথাগমে কৃতে চকারেণ স্যমোর্লোপ উচ্যতে, তর্হি আগম এব নিমিত্তং শব্দান্তরপ্রাপ্ত্যালোপঃ পুনরনিত্য এব। নৈবমুক্তিতো লোপস্য বাধা গম্যতে, অকারান্তত্বস্য

নিমিত্তমেব যদ্ব্যক্তিতো বাধা ন স্যাৎ অকারান্তত্বাৎ লুক্ স্যাদেবেতি যুক্তমুক্তং পঞ্চমী· নির্দ্দেশঃ পুনর্লোপপ্রবৃত্তিহেতুতয়া উক্তিবাধানিরাসার্থ এব সন্ নিমিত্তমিতি। অপর আহ—পূর্ব্ববিপ্রতিষেধেন ত্যদাদ্যত্বং লোপেন বাধ্যতে লোপস্যাবকাশো দধি মধু ইত্যত্র, ত্যদাদ্যত্বস্যাবকাশঃ স পুমানিতি। ন চ পূর্ব্ববিধেঃ প্রতিষেধো বক্তব্যঃ পূর্ব্বপরয়োঃ পরবিধির্বলবানিতি পরশব্দস্যেষ্টবাচিত্বাৎ। নমু লুগেব কথং ন বিদধ্যাৎ লুগ্লোপে ন প্রত্যয়কৃতমিতি ভবিষ্যতি? সত্যং নচ তদুক্তগ্রহণং নাম্যন্তানাং চতুরশ্চ বা তদুক্তমপি ভবতীতি প্রতিপত্ত্যর্থং। ব্যবস্থিতবাম্নুবর্ত্তনাৎ হে বারে ইত্যাদি সিদ্ধম্। নপুংসকাদিত্যাদি—শোভনং পয়ঃ যস্যা গোরিত্যন্যপদার্থে স্ত্রীলিঙ্গতা। তদন্তবিধিরপি নৈব বিহিতবিশেষণাৎ নপুংসকাদ্বিহিতয়োঃ স্যমোরিতি। এবমুত্তরত্রাপি বিহিতবিশেষণমেব।

৮৩ পঞ্জী। নপুং। অথ কথমত্র সমাসঃ কিন্তুস্য নপুংসকস্যোক্তং তদুক্তম্, আহোস্বিৎ তয়োঃ স্যমোরুক্তম্ তদুক্তম্, উতস্বিৎ তস্মিন্ লোপে প্রত্যয়লোপলক্ষণেনোক্তং তদুক্তমিতি? তত্র যদি ষষ্ঠীলক্ষণস্তৎপুরুষঃ স্যাৎ, তদা নপুংসকস্যোক্তত্বাৎ দধীদং মধ্বত্রেত্যাদৌ সন্ধিলক্ষণস্যাপি কার্য্যস্য প্রতিষেধঃ স্যাৎ, দ্বিতীয়েঽপি পক্ষে সাক্ষাৎ স্যমশব্দোচ্চারিতস্যৈব কার্য্যস্য প্রতিষেধো ভবেৎ। যথা অত্যুশনঃ কুলমিতি উশনঃ পুরুদংশইত্যাদিনা অনন ভবতি, সুহৃ কুলমিতি বাম্যা ইত্যাকারো ন ভবতি, অতো নানয়োঃ পক্ষয়োর্গ্রহণমিতি। তদযুক্তমিহ প্রকরণে লোপলক্ষণস্য শ্রুতত্বাৎ এতৎপ্রকরণপ্রণীতস্যৈব কার্য্যস্য প্রতিষেধ ইষ্যতে, ন সন্ধিলক্ষণবিহিতস্য প্রকরণান্তরত্বাৎ। তথা দ্বিতীয়েঽপি পক্ষে ন দোষঃ বিরামব্যঞ্জনাদাবুক্তং নপুংসকাৎ স্যমোর্লোপেঽপীত্যতিদেশবলাৎ ব্যঞ্জনোক্ত উকার এবাস্তি বাধক ইতি কুতো বাম্যা ইত্যস্য প্রাপ্তিঃ, যেন প্রতিষেধ উপপদ্যতে, তেনামি সামান্যমেব কার্য্যমবগম্যতে, ন পুনরম্শব্দোচ্চারিতমিতি। তৎসাহচর্য্যাৎ সাবপি সামান্যমেব কার্য্যমবগম্যতে, কথমুশনঃ-পুরুদংশোঽনেহসামিত্যাদিনৈব প্রাপ্তস্য প্রতিষেধ ইতি? সত্যমেবং সতি প্রতিপত্তি-গৌরবমেবানয়োঃ পক্ষয়োরিতি অতস্তৃতীয় এব পক্ষো যুক্তঃ। চকারোঽয়মন্বাচয়শিষ্টঃ, তেন তদুক্তকার্য্যপ্রতিষেধাভাবেঽপি প্রধানবাক্যনির্দ্দিষ্টো লোপ এবেতি, এতদেব পয়ঃ পয় ইত্যুদাহরণদ্বয়েন সূচিতম্। ইহ হি প্রত্যয়লোপলক্ষণেনাস্ত্যসন্তস্য চাধাতোঃ সাবিতি সৌ দীর্ঘং প্রাপ্নোতি, অমি তু কিঞ্চিদপীতি অত্র বিসর্জ্জনীয়ো ভবত্যেব তস্য বিরামবিষয়ত্বাৎ। তদিত্যত্র ত্যদাদ্যত্বপ্রতিষেধে প্রথমো ভবত্যেব বিরামব্যঞ্জনাদাবুক্তমিত্যতিদেশবলাৎ। শোভনঃ সখা যস্য কুলস্য তৎ সুসখীতি সখ্যুশ্চেতি সাবন্ন ভবতি অমি তু নপুংসকে ঘুট্‌ত্বাভাবাৎ ন কিঞ্চিদপি প্রাপ্নোতি, তদুক্তপ্রতিষেধাভাবেঽপি লোপ এব ভবতীতি। এতেষু নিত্যত্বাৎ স্যমোর্লোপে সতি তদুক্তপ্রতিষেধঃ। অথ নচ তদুক্তগ্রহণং কিমর্থং লুগিত্যুচ্যতাং লুগ্‌লোপে, ন প্রত্যয়কৃতমিতি প্রতিষেধো· ভবিষ্যতি? সত্যং নচ তদুক্তগ্রহণং নাম্যন্তানাং চতুরশ্চ পক্ষে তদুক্তমপি কার্য্যং ভবতি ইতি জ্ঞাপয়তি, তেন হে বারি, হে বারে, হে ত্রপু, হে ত্রপো, হে

প্রিয়চত্বঃ, হে প্রিয়চতুঃ ইত্যাদিষু সম্বুদ্ধৌ চেত্যোদোতৌ পক্ষে সিদ্ধৌ চতুরশ্চ পক্ষে হ্রস্ব ইতি। নপুংসকাদিত্যাদি শোভনং পয়ঃ যস্যা গোরিত্যন্যপদার্থে বহুব্রীহৌ স্ত্রীলিঙ্গতা। নন্বু যেন বিধিস্তদন্তস্যেতি নপুংসকান্তস্য স্ত্রীলিঙ্গস্যাপি প্রাপ্নোতি নৈবং নপুংসকাদিতি পঞ্চম্যা বিহিতবিশেষণমাখ্যায়তে নপুংসকাদ্বিহিতয়োঃ স্যমোরিত্যর্থঃ। ইহ তু স্ত্রীলিঙ্গাৎ বিধানম্ এবমুত্তরত্রাপি।

৮৩ কবিরাজঃ। নপুং। নন্বু হ্রস্বাদিত্যনন্তরত্বাৎ কথং নানুবর্ত্ততে নৈবং নপুংসকাদিতি ধর্ম্মনির্দ্দেশঃ, ধর্ম্মশ্চ ধর্ম্মিণমপেক্ষতে, নচ হ্রস্বো ধর্ম্মীতি বাচ্যং ধর্ম্মাবয়বত্বাভাবাৎ। অতঃ প্রকৃতেন নাম্নাঽস্য নপুংসকস্য সম্বন্ধ ইতি নতু হ্রস্বেনেতি কুলচন্দ্রঃ। তন্ন তদন্তবিধিনা নাম্না হ্রস্বান্বয়সম্ভবাৎ। তস্মাদ্বিশেষণবিশেষ্যাভাবস্য ইষ্টত্বান্ন হ্রস্বানুবৃত্তিঃ। বিভক্তিবিপরিণামোঽপি গরীয়ানিতি। ইযুবোস্তু স্ত্র্যাখ্যানিবৃত্তৌ নিবৃত্তিস্তৎসম্বদ্ধত্বাৎ। বাগ্রহণস্য উত্তরত্র বাগ্রহণাদেব নিবৃত্তিঃ। অমি স্থিতি—নন্বু কথমিদমুচ্যতে; যাবতা সুসখিশব্দস্যামি পরে নামিনঃ স্বরে ইতি নাগমোঽস্তি প্রত্যয়লোপলক্ষণেন? সত্যং ন বর্ণাশ্রয়ে প্রত্যয়লোপলক্ষণমিতি ন্যায়ান্নুর্ন স্যাদিতি ভাবঃ। নন্বু পয়ঃপ্রভৃতিষু পরত্বা দীর্ঘাদিকার্য্যস্য প্রথম এব প্রবৃত্তত্বাৎ কথং তদুক্তপ্রতিষেধ উপপদ্যতে ইত্যাশঙ্কাং পরিহরতি এতেম্বিত্যাদি পরান্নিত্যমিতি ন্যায়াদিত্যর্থঃ। নন্বু তথাপি নিত্যাদন্তরঙ্গং বলীয় ইতি ন্যায়াল্লোপাৎ পূর্ব্বমেব দীর্ঘাদিকার্য্যং ভবিষ্যতি, নৈবং সর্ব্ববিধিভ্যো লোপবিধির্ব্বলবানিতি প্রথমতো লোপেনৈব ভবিতব্যং। পরিভাষয়া বলাবলবাধা ন ক্রিয়তে। চেত্তুষ্যতু দুর্জ্জনঃ, তথাপি অন্তরঙ্গত্বাৎ প্রথমং দীর্ঘাদিকে কৃতে পশ্চাৎ স্যমোর্লোপে সতি নিমিত্তাভাবন্যায়েন দীর্ঘাদ্যভাবো ভবিষ্যতি ততশ্চ প্রত্যয়লোপলক্ষণ ন্যায়েন পুনর্দ্দীর্ঘাদিপ্রসক্তৌ তদুক্তপ্রতিষেধ উপপদ্যত ইতি ভাবঃ। নন্বু এবং সতি কথং পঞ্জিকায়ামুক্তং নিত্যত্বাৎ স্যমোর্লোপ ইত্যাদি বাক্যং? সত্যম্ অনাবশ্যকত্বাদিতি ভাবঃ। নচ তদুক্তগ্রহণমিতি নঞা নির্দ্দিষ্টত্বাদিত্যর্থঃ। নাম্যন্তানাং চতুরশ্চ পক্ষ ইতি—নন্বু এবং সতি সুপথি কুলমিত্যত্রাপি পক্ষে পন্থি মন্থি-ঋভুক্ষাণামিত্যাদিনা আত্বং স্যাৎ। সুসখি কুলমিত্যত্র চ পক্ষে সখ্যুশ্চেত্যান্ ন স্যাৎ? সত্যং নঞা নির্দ্দিষ্টস্যানিত্যত্বাদিতি কুলচন্দ্রঃ। বস্তুতস্তু নাম্যন্তানাং তদুক্তং ভবৎ কার্য্যমপি নাম্যন্তমেবাবগম্যতে শ্রুতত্বাৎ। নাম্যন্তকার্য্যিণা সাহচর্য্যাচ্চত্বারশব্দস্যাপি তদুক্তং নাম্যন্তকার্য্যমেবাবসীয়তে, তেন প্রিয়চতুঃ প্রিয়চতস্য ইতি সিদ্ধম্, এতেন হে প্রিয়চত্বরিতি কুলচন্দ্রেণ যদুক্তং তদশুদ্ধমেব পাণিনিসম্মত্যা শ্রীপতিনা দূষিতত্বাৎ। কুলচন্দ্রদৃষ্ট্যা তু পঞ্জিকায়াং হে প্রিয়চত্বরিতি লিখিতং, কিন্তু ছাত্রৈঃ হে প্রিয়চতস্য ইতি বোদ্ধব্যম্। শোভনং পয়ো যস্যা গোরিতি—নন্বু কথমিদং যাবতা "অনডুৎপুংপয়োলক্ষ্মীনাবামেকত্ববাচিনাম্। নিত্যং কঃ স্যাদ্বহুব্রীহৌ বা স্যাদ্দ্বিত্ববহুত্বয়োঃ" ইত্যনেনৈকত্বে নিত্যং কপ্রত্যয়ে সতি সুপয়স্কেতি বক্তুং যুজ্যতে? সত্যমেকবচনেনার্থমাত্রং কৃতং বাক্যন্তু বহুবচনেন দ্রষ্টব্যং। সমাসান্তবিধেরনিত্যত্বাদিতি কেচিৎ। নন্বু তদিতি কথং প্রত্যুদাহৃতং যাবতা ত্যদাদিষু বিভক্তাবিতি বচনাৎ সাক্ষাদ্বিভক্তাবেব ত্যদাদ্যত্বস্য বিষয়ত্বাৎ। নৈবং

৮৪। অকারাদসম্বুদ্ধৌ মুশ্চ ॥

অকারান্তান্নপুংসকলিঙ্গাৎ পরয়োঃ স্যমোর্লোপো ভবতি মুরাগমশ্চাসম্বুদ্ধৌ। কুণ্ডম্, অতিজরম্। অসম্বুদ্ধাবিতি কিং? হে কুণ্ড ॥

বিভক্তাবিতি বচনাদ্বিভক্তাবেব ভবতি নাস্মিন্ পরত ইতি বিরামে তু স্যাদিতি ন দোষঃ।

৮৪) অকারাৎ—৫।, অসম্বুদ্ধৌ—৭।, মুঃ—১, চ—লু—১।; অকার+ঙসি। ন সম্বুদ্ধিঃ অসম্বুদ্ধিঃ তস্মিন্ অসম্বুদ্ধৌ, অসম্বুদ্ধি+ঙি। মু+সি। চ+সি। অকারান্ত নপুংসক লিঙ্গ হইতে বিহিত সি এবং অমের লোপ ও মু আগম হয় অসম্বুদ্ধি বিষয়ে। যথা—কুণ্ড+সি, এই সূত্র বলিয়া সি লোপ ও মু আগম, 'আগম উদনুবন্ধঃ স্বরাদন্ত্যাৎ পরঃ' মুর উকার তদ্বিশেষণার্থ এবং অন্ত্য স্বরের পরে পরিভাষিত=কুণ্ডম্। 'জরামতিক্রান্তং কুলম্' এই বাক্যে অতিজরা+অম্, 'স্বরো হ্রস্বো নপুংসকে' আকার হ্রস্ব, 'অকারাদসম্বুদ্ধৌ মুশ্চ' অমের লোপ, মু আগম, ততঃ পূর্ব্ববৎ=অতিজরম্। 'অসম্বুদ্ধৌ' বলিলে কেন? 'অকারাৎ মুশ্চ' এইরূপ বলা যাউক? তাহা হইলে, 'হে কুণ্ড' স্থলে সম্বুদ্ধিতেও মু আগম হইতে পারে। হে কুণ্ড+সি, 'হ্রস্বনদী' সিলোপ হইল, সম্বুদ্ধি হওয়ায় এই সূত্র দ্বারা লোপ এবং মু আগম হইল না।

৮৪ টীকা। অকা। মুরিত্যুকারো লিঙ্গস্যাগম উদনুবন্ধঃ স্বরাদন্ত্যাৎ পর ইতি প্রতিপত্ত্যর্থঃ। অন্যথা স্যমোরাদেশে অকারো দীর্ঘং ঘোষবতীতি দীর্ঘমাপদ্যতে। দ্বিতীয়ৈকবচনস্য বচনবলাদেবাদেশে সংযোগান্তলোপো ন স্যাৎ। অথামাদেশ এব কথং ন বিদধ্যাৎ অসম্বুদ্ধাবিতি বচনং ন বিধেয়ং স্যাৎ স্থানিবদ্ভাবাৎ হ্রস্বলক্ষণঃ সিলোপো ভবিষ্যতি। নৈবমতিজরসং কুলং তিষ্ঠতি অতিজরসং কুলং পশ্যেতি অপপ্রয়োগঃ [ইত্যপি প্রয়োগঃ] স্যাৎ। নত্বকারান্তং নপুংসকলিঙ্গমাশ্রিত্য প্রবৃত্তোঽহম্ ন জরসাদেশস্য নিমিত্তং, যস্মাৎ সন্নিপাতলক্ষণো বিধিরনিমিত্তং তদ্বিঘাতস্যেতি, নত্বিহ বর্ণগ্রহণে নিমিত্তত্বাৎ স্বরে হি বর্ণে জরসাদেশো বিধীয়তে, জরসাদেশে কৃতে তু নপুংসকাৎ স্যমোর্লোপো ন ভবতি সন্নিপাতলক্ষণত্বাৎ। অথানিত্যামিমামভ্যুপগম্য কেনচিদিষ্যতে অতিজরসম্ অতিজরঃ কুলং তিষ্ঠতি, অতিজরসম্ অতিজরঃ কুলং পশ্যেতি, তদেতদুভয়মতমেব প্রমাণং মন্যমানোঽসন্দেহায়াগমমেব কৃতবান্ প্রমাণন্তু উদাহৃতমতিজরমিতি। কারগ্রহণমিহ সুখপ্রতিপত্ত্যর্থম্ আদিতি বর্ণমাত্রাৎ পঞ্চমীনির্দ্দেশে দুরবোধঃ স্যাৎ অত ইত্যুচ্যমানেঽপি কিময়ং তকার উচ্চারণার্থঃ কার্য্যার্থো বেতি সন্দেহঃ স্যাৎ ততশ্চ দধৎ কুলমিত্যত্রাদন্তত্বান্মুঃ প্রসজ্যেত।

